শ্রীশ্রীদুর্গা ॥

শরণং ॥

শব্দার্থ প্রকাশাভিধান

সর্ব্বলোক হিতার্থে
নিয়ত গৌড়ীয় সাধুভাষায় অকারাদি ক্ষ
কারন্ত সার্থক শব্দসঙ্কলন পূর্ব্বক
ইদানিং

শ্রীদিগাম্বর ভট্টাচার্য্য ও শ্রীশম্ভুচন্দ্র মিত্র
ইহাদিগের কমলালয় যন্ত্রে
মুদ্রাঙ্কিত হইল ॥

এই গ্রন্থ যাঁহার প্রয়োজন হইবেক।
তিনি বটতলার উত্তরাংশে
তত্ত্ব করিলে পাইবেন ॥
তাং ৩০ জ্যৈষ্ঠ

শ্রীশ্রীদুর্গা ।।

শরণং ।।

শব্দার্থ প্রকাশাভিধান

সর্ব্বলোক হিতার্থে
নিয়ত গৌড়ীয় সাধুভাষায় অকারাদি ক্ষ
কারান্ত সার্থক শব্দসঙ্কলন পূর্ব্বক
ইদানিং

শ্রীদিগাম্বর ভট্টাচার্য্য ও শ্রীশম্ভুচন্দ্র মিত্র
ইহাদিগের কমলালয় যন্ত্রে
মুদ্রাঙ্কিত হইল ।।

এই গ্রন্থ যাঁহার প্রয়োজন হইবেক।
তিনি বটতলার উত্তরাংশে
তত্ত্ব করিলে পাইবেন ।।
তাং ৩০ জ্যৈষ্ঠ

অক

অ বিষ্ণু যে শব্দের পূর্ব্ব এই অকারের যোগ থাকে তাহার অর্থ অন্যথা হয় যেমন অকর্তব্য অর্থাৎ কর্ত্তব্য নহে ৷

অই পূর্ব্ব স্মৃত সম্মুখ স্থিত বস্তু

অংশ ভাগ

অংশী ভাগের অধিকারী

অংশাংশী পরস্পর ভাগ

অংশু কিরণ

অকর্ম্মা যাহার কর্ম্ম করিতে ক্ষমতা নাই

অকল্যাণ অমঙ্গল

অকর্ম্মণ্য যেবস্তু কর্ম্মের যোগ্য নহে

অকস্মাৎ যাহা হঠাৎ উপস্থিত হয়

অকথা যেবাক্য ভাল নহে

অখা ২

অকথ্য যেবস্তু প্রস্তাব্যনহে

অকারণ কারণ বিনা

অকামী যাহার ইচ্ছা নাই

অকাল শাস্ত্রোক্তকর্ম্মের অযোগ্য সময়

অকান্তা স্বামিরহিতা স্ত্রী

অকান্তি শোভাহীনবস্তু

অকাম্য কামনাশূন্য শাস্ত্রীয় কর্ম্ম

অকার্য্যকারী যেমনুষ্য অকর্ত্তব্য কর্ম্ম করে

অকালফল অন্যঋতুতে উৎপন্ন অন্যঋতুর ফল

অক্রূর সরলান্তঃকরণ কৃষ্ণের পিতৃব্য

অখণ্ড সম্পূর্ণ

অখল যেমনুষ্য খলতা শূন্য

অখাদ্য অভক্ষ্য

অখিল সকল
অখ্যাতি অযশঃ
অগ পর্ব্বত
অগম্য গমনের অযোগ্য দেশ
অগস্ত্য মুনি বিশেষ
অগঙ্গ গঙ্গাহীন দেশ
অগণিত যাহার সংখ্যা হয়না
অগণ্য অমান্য
অগর্ব্ভধারিণী বিমাতা
অগলিত যাহার ক্ষরণ নাই
অগার্হ্য নিন্দাশূন্যবস্তু
অগাধ অতলস্পর্শ
অগাম্ভির্য্য গভীরতাশূন্য
অগাঢ় অদৃঢ়
অগুহ্য অগোপনীয়
অগুণী গুণহীন জন
অগুণ গুণভিন্ন
অগুণকারী নিগুণকারী
অগুরু লঘু এবং গন্ধদ্রব্য বিশেষ
অগ্নি যাহার দাহিকা শক্তি আছে
অগোচর অসাক্ষাৎ
অগ্র প্রথম ভাগ
অগ্রগণ্য যেপ্রধান রূপে মান্য
অগ্রস্ত গ্রাসহীন
অগ্রগামী যেপ্রথমত গমন করে
অগ্রসর যাহার আগে গমন হয়
অগ্রজ জেষ্ঠভ্রাতা
অগ্রহায়ণ হেমন্তের প্রথম মাস
অগ্র পশ্চাৎ পূর্ব্বাপর
অগ্রভাগ প্রথম ভাগ
অগ্রাহ্য অগ্রহণীয়
অঘ পাপ
অঘশালী যাহার পাপ আছে
অঘোর চৈতন্যের অভাব
অঘোষ শব্দের অভাব
অংঘ্রি চরণ
অঙ্ক চিহ্ন এবং সংখ্যার চিহ্ন বিশেষ
অঙ্ককারী যেলোক চিহ্ন করে
অঙ্কী যাহার চিহ্ন আছে

অঙ্কর বৃক্ষাদি ও ধান্যা দির ফল
অঙ্কুরঘাতী যেবীজনষ্টকরে
অঙ্কুশ লৌহ নির্ম্মিতহস্তি শাসন দণ্ড
অঙ্কুশ মুদ্রা পূজার কারণ মুদ্রাবিশেষ
অঙ্কুশধারী হস্তীর গমনা গমনের কারণ অস্ত্রধারী
অঙ্গ হস্তপদাদি
অঙ্গজ পুত্র
অঙ্গজ বানর বিশেষ
অঙ্গনা স্ত্রীলোক
অঙ্গপ্রত্যঙ্গ সকল অবয়ব
অঙ্গসঙ্গ অঙ্গক্রীড়া
অঙ্গরাগ অলকা তিলকা দিদ্বারা অবয়বের সৌন্দর্য্য করণ
অঙ্গাঙ্গি গণতা
অঙ্গার কয়লা
অঙ্গারক মঙ্গল গ্রহ
অঙ্গিরা মুনি বিশেষ
অঙ্গী অবয়ব বিশিষ্ট
অঙ্গীকার স্বীকার
অঙ্গুরীয় অঙ্গুলির ভূষণ
অঙ্গুষ্ঠ বৃদ্ধাঙ্গুলী
অঙ্গুলী হস্তপাদের শেষ অবয়ব
অচল চলৎশক্তি রহিত বস্তু
অচির শীঘ্র
অচিরায়ু অর্থাৎ অল্পায়ু
অচিরস্থায়ী অল্পকাল স্থায়ী
অচীৎকার অল্প শব্দ
অচৈতন্য চেতনারহিত
অচ্যুতক্ষযাহারপতননাই
অচ্ছ নির্ম্মল
অচ্ছিন্ন ছেদন রহিত
অছত্রী যাহার ছাতানাই
অছাত্রী ছাত্রশূন্য অধ্যাপক
অজগর বৃহৎসর্প
অজন্তু অর্থাৎ অপ্রাণী
অজন্য নিত্য
অজয়ী পরাজয়ী
অজস্র অতিশয়
অজা ছাগল
অজামিল মুনি বিশেষ
অজিত জয়যুক্ত নহে
অজীর্ণ ভুক্তদ্রব্যের অপরি

পাক
অঙ্গীবি প্রাণিভিন্ন
অঞ্চল বস্ত্রের শেষভাগ
অজ্ঞান প্রশস্ত জ্ঞানের
অভাব
অঞ্জন কজ্জল
অঞ্জনশালী কর্জ্জল
বিশিষ্ট
অঞ্জনা হনুমান্মাতা
অঞ্জলি যুক্তকরদ্বয়
অটল দৃঢ়
অটবী বন
অট্টহাস ঈশদ্ধাস্য
অট্টালিকা ইষ্টকাদি
নির্ম্মিত উচ্চগৃহ
অঠেল স্থিরতর
অণ্ড ডিম্ব
অণ্ডজ ডিম্বহইতে উৎপন্ন
শাবক
অণ্ডকোশ পুংস্তের বিশেষ
কারণ
অণু সূক্ষ্ম বস্তু
অণুদর্শী অর্থাৎ ঈশ্বর
অতপ্ত অনুষ্ণ
অতঃপর ইহার পশ্চাৎ
অতলস্পর্শ অগাধ

অতএব এইহেতু
অতত্ত্ব বৃক্ষ নহে এবং
যথার্থ নহে
অতন্ত্রবায় তাঁতি নহে
অতন্ত্রী তন্ত্রশাস্ত্রে নভিজ্ঞ
অতি যে শব্দের পূর্ব্বে ইহার
যোগ থাকে তাহার অর্থের
আধিক্য হয় যেমন অতি
নিকট অর্থাৎ বড়নিকট
অতিশয়
অতিক্রম উল্লঘন
অতিথি পরগৃহাগতব্যক্তি
অতিশয় নিরন্তর
অতিভক্তি অতীবশ্রদ্ধা
অতিপাতক মাতৃদহিতৃ
পুত্রবধূ গমন
অতিরিক্ত অধিক
অতিবাদ অতিবড
অতিব্যাপ্তি অলক্ষে লক্ষ
ণের গমন
অতিপটু অতিনিপুন
অতিসার উদরাময়
অতীত অতিক্রান্ত
অতীন্দ্রিয় ইন্দ্রিয়ের অগো
চর
অত্বর পীড়িত এবং

দুঃখিত
অতুল যাহার তুলনা নাই
অত্যন্ত অতিশয়
অত্যদ্ভূত আশ্চর্য্য
অত্যল্প কিঞ্চিৎ
অত্যাদর অতি সমাদর
অত্যাচার উচিতের অন্যথা করণ
অত্যাবশ্যক অতি প্রয়োজন যোগ্য বস্তু
অত্যুক্তি ওসম্ভাবিত কথন
অত্র এস্থানে
অত্রি মুনি বিশেষ
অথ অনন্তর
অথবা কল্পান্তর
অথর্ব্ব অথর্ব্বনামেবেদ
অথর্ব্বকারী অর্থাৎ পরমেশ্বর
অদম্য দমনীয় নহে
অদ্য বর্ত্তমান দিন
অদ্যাবধি এইদিন অবধি
অদৃষ্ট ধর্ম্ম এবং অধর্ম্ম
অদ্বিতীয় যাহার তুলনা নাই
অদিন দুর্দ্দিন
অদনর ভোজনেপটু
অদ্রি পর্ব্বত
অদিতিদেবতাদিগেরমাতা
অদেয় দেবতারযোগ্যনহে
অদেষ্টা বিদেশ কারীনহে
অদৈন্য দরিদ্রতার অভাব
অধম নীচ
অধমাধম নীচাপেক্ষ নীচ
অধর্ম্ম পাপ
অধর্ম্মী পাপী
অধমর্ণ ঋণী অর্থাৎ কর্জ্জ যে করে
অধবল ধবলরোগ বিশেষ নহে
অধনী ধনশূন্যব্যক্তি
অধম সেবীনীচেরসেবারত
অধর নীচের ওষ্ঠ
অধঃশায়ীনীচেযেশয়নকরে
অধপাত নীচে পতন
অধঃ নীচত্ব বিশিষ্ট
অধার্ম্মিক ধর্ম্ম ভক্ত নহে
অধাম বাটীনহে
অধাতু রোপ্যাদিঅষ্টধাতু নহে

অধিক বিবস্ত্রর
অধিকন্তু নিয়মিতের অধিক
অধিকরণ অত্রায়
অধিকার রাজ্য
অধিকারিণী রাজ্যাভিষিক্তা স্ত্রী
অধিকারস্থ প্রজা
অধিকারী রাজ্যশালীএবং দেবল
অধিপতি প্রভু
অধিবাস শুভকর্ম্মের পূর্ব্ব কর্ত্তব্য ক্রিয়া
অধিষ্ঠান অবস্থিতি
অধিষ্ঠাতা অবস্থিতিবিশিষ্ট
অধীন বশতাপন্ন
অধীর চঞ্চল
অধী ধারণাবতিমেধাশূন্য ব্যক্তি
অধূর্জটি শিব
অধূর্ত্ত মহাদেব এবং ধূর্ত্ততা শূন্য
অধুনা ইদানীং
অধৈর্য্য অস্থির
অধোবদন নতমুখ
অধোবায়ু মরুৎক্রীয়া
অধ্যক্ষ কর্ম্মকর্ত্তা
অধ্যক্ষতা অধ্যক্ষবৃত্তিধর্ম্ম
অধ্যয়ণ পাঠ
অধ্যয়নশালী যেপাঠকরে
অধ্যবসায় অসাধ্যবিষইচ্ছা
অধ্যাপক যেঅধয়্যনকরায়
অধ্যায় বেদাদি শাস্ত্রের বিশ্রাম
অধ্যাহার আকাঙ্ক্ষিতের পূরণ
অনঙ্গ কামদেব
অনড্বান বৃষ
অনর্থক নিস্প্রয়োজন
অনন্ত সর্পবিশেষ
অনভিজ্ঞ অজ্ঞানাপন্ন
অনন্তর অব্যবস্থিত পর
অনন্তশায়ীঅর্থাৎ ভগবান
অনপরাধী নির্দ্দোষী
অনবকাশ অনবসর
অনবলম্বী নিরবলম্বী
অনবধান অমনোযোগ
অনঙ্কিত চিহ্নযুক্তনহে
অনবরত নিরন্তর
অনবস্থা দশাহীন

অনম্র নতনহে
অনর্গল অবিরত
অনমস্কার উৎকর্ষবোধানুকূলকরশিরঃসংযোগাদিহীন
অনল অগ্নি
অনন্যগতিক যাহার উপায়ান্তরনাই
অনমস্কার। নমস্কার শূন্য ব্যক্তি
অনশন অভোজন
অনাচার অনুচিতকর্ম্ম করণ
অনাচারী যে অশুচিকর্ম্ম করে
অনাস্থা যাহার শুদ্ধানাই
অনাটন অকুলন
অনাথ যাহার রক্ষাকর্ত্তা নাই
অনাদর আদর শূন্য
অনাদি শিবওআদিরহিত
অনাবশ্যক নিষ্প্রয়োজন
অনাশন আশন বিহীন
অনাবিষ্ট আবেশ রহিত
অনায়াশলভ্য যাহা যত্নব্যতিরিক্ত লভ্য হয়

অনাবৃত আবরণ শূন্য
অনাবৃষ্টি বর্ষাভাব
অনাযোক্তি যাহাবশের মধ্যে নহে
অনালাপী যে আলাপনা করে
অনামিকা কনিষ্ঠার সমীপস্থ অঙ্গুলী
অনাস্থা অশ্রদ্ধা
অনাহূত আহ্বান বিনা যে আইসে
অনাহুতি যজ্ঞের আহুতির অভাব
অনায়াশ অক্লেশ
অনিচ্ছা ইচ্ছার অভাব
অনিন্দা অর্থাৎ প্রশংসা
অনিত্য জন্য
অনিন্দিত অর্থাৎ প্রসংশিত বস্তু
অনিষ্ট বাঞ্ছিত নহে
অনিংশ নিরন্তর
অনিবার্য্য নিবারণের অযোগ্য
অনির্বচনীয় যাহাকে নির্নীত করাযায় না।

অনির্ব্বিঘ্ন অপ্রতুল গ্রন্থ
অনীশ্বর পরমেশ্বরাতিরিক্ত
অনীশ্বর বাদনাস্তিকতা
অনুকল্প প্রতিনিধি
অনুচ্চার্য্য উচ্চারণের অযোগ্য
অনুকুল সহকারী
অনুগত আশ্রিত
অনু সূক্ষ্ম
অনুগ্রহ প্রশন্নতা
অনুচর সহচর
অনুষ্ঠান যে কোন কর্ম্মের আরম্ভ
অনুচিত যাহা উচিত নহে
অনুজ কনিষ্ঠ ভ্রাতা
অনুগ্রাহক যে প্রসন্ন হয়
অনুজ্ঞা অনুমতি
অনুতাপ পশ্চাত্তাপ
অনুমতি অনুজ্ঞা
অনুদয় উদয়ের পূর্ব্ব কাল
অনুদিন প্রতিদিন
অনুদ্যোগ উদ্যোগাভাব
অনুধাবন পশ্চাৎগমন

এবং মনোযোগ
অনুনয় স্তুতি
অনুদ্যোগী উদ্যোগ রহিত
অনুগ্রাহ্য পশ্চাৎ স্বীকৃতযন্ত্র
অনুজীবী অন্যের অবলম্বনে যে নির্ব্বাহ করে
অনুপম যাহার সাদৃশ্য নাই
অনুপকারী অর্থাৎ অনিষ্ট কারী
অনুপযুক্ত ক্ষমতা রহিত
অনুপস্থিত যাহার উত্থাপন হয়নাই
অনুৎসর্গ নিবেদিত নহে
অনুপান ঔষধের সহকারী
অনুপায় কারণ নাই
অনুযুজ্য অপরাধিত রূপে লক্ষিত
অনুপ্রাস একজাতীয় বর্ণ যুক্তপদ সমূহ বিন্যাস
অনুবাদ পূর্ব্বোক্তের পুনঃকথন
অনুদ্ধার যাহার উদ্ধার নাই
অনুবর্ত্তি পশ্চাদবর্ত্তি
অনুভব মানসজ্ঞান
অনুসন্ধান চেষ্টা

অনুভূত মান সজ্ঞানবিষয়ীভূত

অনুভাবক অনুভব শালী

অনুরোধ অপেক্ষা

অনুমরণ পৃথক চিতাতে বিধি পূর্বক শরীর দাহ

অনুমান হেতুপন্যাসদ্বারা বস্তু নিশ্চয়

অনুমান সিদ্ধ তর্কেরদ্বারা জ্ঞাত

অনুমিত যুক্তিদ্বারা জ্ঞাত

অনুযায়ী পশ্চাদ্গামী

অনুরক্ত অনুগত

অনুঞ্জক যে মনের প্রবোধ করে

অনুঞ্জন মনের প্রবোধ

অনুরাগ আশক্তি প্রশংসা

অনুরাগান্বিত যাহার প্রশংসা আছে

অনুরাধা সপ্তদশনক্ষত্র

অনুরাধিকা যে স্ত্রী রাধিকা সদৃশা

অনুরূপ সদৃশ

অনুরোধ অপেক্ষা

অনুলোম যথাক্রম

অনুশীলন আলোচনা

অনুশিলিত আলোচনা বিশিষ্ট

অনুসোচন পশ্চাত্তাপ

অনুষঙ্গ একের সহিত অন্বিত পদের অন্যের সহিত অন্বয় করা

অনুষ্ঠান ক্রিয়ার আরম্ভ উত্থান

অনুসন্ধান অন্বেষণ

অনুসন্ধানী অন্বেষণ কারী

অনুসার পূর্বের অনুরূপ

অনুসারী পূর্বের সাদৃস্য বিশিষ্ট

অনুস্বার বিন্দুমাত্র বর্ণ

অনুক্ষণ সর্ব্ব সময়

অনূঢ়া অবিবাহিতা কন্যা

অনেক বহু

অনেক বিধ বহুপকারযুক্ত

অনেকধা বহুপ্রকার

অনৈক্য মিলনের অভাব

অন্ত শেষভাগ সীমা

অন্তঃকরণ চেত চেতন হৃদয় স্বান্ত হৃৎ মানস

অন্তঃপট গোপন ভাব
অন্তঃপুরস্থ পুরীরমধ্যে যে থাকে
অন্তঃপুর পুরীর মধ্যে যে স্থানে স্ত্রীলোক থাকে
অন্তক নাশকারী
অন্তকাল মৃত্যুসময়
অন্তর পৃথক মধ্য দূর
অন্তরস্থ মধ্যস্থ দূরস্থ
অন্তরঙ্গ আত্মীয়সহকারি
অন্তরাপত্য গর্ভ
অন্তরান্তর দূর২
অন্তরীক্ষ আকাশ
অন্তর্গত মনোবত্তি
অন্তগর্ত্ত মধ্য
অন্তদ্ধান সাক্ষাতের পর অগোচর
অন্তদ্ধান মানসজ্ঞান
অন্তর্ভূত মধ্যস্থ
অযামী বুদ্ধির নিয়ন্তা যাহার কখন চাক্ষুষাদি হয় নাই তাহার মানস জ্ঞান যে করে
অন্তর্যাগ মানসজ্ঞান
অন্তিম চরম

অন্তিমকাল মরণ সময়
অন্তেবাসী ছাত্র
অন্ত্য শেষস্থ
অন্ত্যজ নীচজাতি
অন্ত্যেষ্টিক্রীয়া শবদাহনাদি
অন্ধ নেত্রহীন
অন্ধকারী অন্ধকার যুক্ত
অন্ধকার তেজের অভাব
অন্ন পক্বতণ্ডুলাদি
অন্নদাতা প্রভু
অন্নদাস অন্নভোজন দ্বারা দাসতুল্য
অন্নপ্রাশন বিধিপূর্ব্বক বালকের প্রথমান্ন ভোজন
অন্বিত যুক্ত
অন্বেষণ চেষ্টা
অন্বেষণকারী অনুসন্ধান কারী
অন্য ভিন্ন
অন্যতম অনেকের মধ্যে এক
অন্যতর দূরের মধ্যে এক
অন্যথা অন্যপ্রকার
অন্যথাকারী যে বিপ

রীত ব্যবহার করে
অন্যথাচরণ বিপরীত ব্যবহার
অন্যপূর্ব্বা যে কন্যার সম্বন্ধ হইলে সে বরের সহিত বিবাহ নাহয়
অন্যমনস্ক উপস্থিত বিষয়ে ভিন্নে নিবিষ্টচিত্ত
অন্যমনাঃ অন্যমনস্ক
অন্যায় অবিচার
অন্যায্য অযোগ্য
অন্যান্য পরস্পর
অন্যায়কারী অবিচারকার
অপকর্ম্ম দুস্ক্রীড়া
অপকার অনিষ্ট
অপকারক অনিষ্টকারী
অপকার্য্য দুস্ক্রীড়া
অপকৃষ্ট অধম
অপক্ক অপরিপাক
অপঘাত মৃত্যু আঘাতদ্বারা মরণ
অপঘাতক যে ব্যক্তি আঘাত করে
অপচয় ক্ষতি
অপচার উদরস্থিত অপক্ক অন্নাদি
অপটু কর্ম্মে অকুশল
অপটুতা কর্ম্মে অকুশলতা
অপড় যাহার পতননাই
অপত্য পুত্রকন্যা
অপদস্থ স্বকর্ম্মচ্যুত
অপদার্থ অযোগ্য
অপদান্ত স্বকার্য্যেতে বাঞ্ছাহীন
অপদেবতা শাস্ত্রমাত্র দ্বারা জ্ঞাত প্রেতপিশাচাদি
অপবাদ অন্যাথাপিত
অপখ্যাতি প্রতিপসব
অপবিত্র অশুদ্ধ
অব্যয় অবিহিত কর্ম্মে ধনত্যাগ
অপব্যয়কারী যে ব্যক্তি অপব্যয় করে
অপভাষা অসাধুবাক্য
অপভাষী যেমনুষ্য অসাধু বাক্য বলে
অপমান তিরস্কার
অপমানগ্রস্ত তিরস্কৃত ব্যক্তি
অপমানী অপমানযুক্ত

অপমৃত্যু রোগ ব্যতি রেকে মরণ

অপর অন্য

অপরাধ দণ্ডযোগ্যকর্ম্ম

অপরাহ্ণ দিবসের শেষ ভাগ

অপরাহ্ণিক অপরাহ্ণে কর্ত্তব্য কর্ম্ম

অপরিস্কার মলাযুক্ত

অপরিমিত যাহার পরি মাণ নাই

অপরিমাণী যাহার মান নাই

অপরুদ্ধ রুদ্ধ

অপরূপ আশ্চর্য্য

অপর্য্যাপ্ত অপরিমিত

অপলাপ পূর্ব্বকৃতের অস্বীকার

অপলাপকারী পূর্ব্বস্বী কৃতবস্তু অস্বীকার কারী

অপহরণ চৌর্য্য

অপহারক চৌর্য্যকর্ত্তা

অপহ্নব চৌর্য্য অপলাপ

অপাক অপচার

অপাঙ্গ চক্ষুর প্রান্তভাগ

অপাটব অপটতা

অপাটন পতন নহে

অপাত্র যোগ্যতাহীন নিন্দিত

অপাদান যাহাহইতে বিশ্লেষ হয়

অপান গুহ্যদেশস্থ বায়ু

অপানতর দুয়ের মধ্যে অতিশয় যে অপানবায়ু

অপামার্গ তৃণবিশেষ

অপায় বিনাশ

অপায়ী বিনাশী

অপায় যাহার অন্তনাই

অপারক কার্য্যাক্ষম

অপূপ অপিষ্টক

অপূর্ব্ব অদৃষ্ট উত্তম

অপৃথক পার্থক নহে

অপৃককরণ একত্রস্থাপন

অপৃষ্টাভিধান অজিজ্ঞাসি তের কথন

অপেয় পানের অযোগ্য

অপেক্ষা অনুরোধ

অপেক্ষক যেব্যক্তি অনু রোধ করে

অপৌরুষ অযশঃ

অপ্রকাশ গোপণ
অপ্রকাশ্য গোপনীয়
অপ্রণয় অপ্রীতি
অপ্রণালী অরীতি
অপ্রতীত অপ্রস্তুত
অপ্রতিষ্ঠ অযশঃ
অপ্রতুল অনাটন
অপ্রতুলগ্রস্ত অনাটনযুক্ত
অপ্রত্যয় অবিশ্বাস
অপ্রসিদ্ধ অপ্রচর দুষ্প্র
অপ্রস্তুত ক্ষুব্ধ
অপ্রস্তুতাভিধান অনুর্থাপিতের কথন
অপ্সরা স্বর্গবেশ্যা
অফল বন্ধ্য
অফলা বন্ধ্যা
অফলী ফলশূন্যবস্তু
অবধ্য যে বধের যোগ্য নহে
অবধা বধাহ নহে
অবল সমর্থহীন
অবলা নারীবলহীনা
অবধা যাহার বিনতি নাই
অব্ধি সমুদ্র

অভক্ষ্য জলাহার নিবৃদ্ধি
অভদ্র শিষ্টনহে
অভদ্রতা অশিষ্টতা
অভব্য অসভ্য অপ্রস্তুত
অভবনীয় যাহা হবেনা
অভাগ্যা ভাগ্যহীনা
অভাগ্য অদৃষ্টহীন
অভাজন অপাত্র
অভাব অবিদ্য মানতা
অভাবনীয় অচিন্তনীয়
অভিধান সজ্ঞাকোষ
অভিচার মারণ বশীকরণাদি রূপ তান্ত্রিক কর্ম্ম
অভিধেয় শব্দের প্রতিপাদ্য
অভিনব নূতন
অভিনিবেশ মনোযোগ
অভিপ্রায় মানস সম্মতি
অভিপ্রেত সম্মত
অভিবাদন পাদস্পর্শপূর্ব্বক প্রণাম
অভিবাদনীয় প্রণামের যোগ্য ব্যক্তি
অভিভূত রোগাদি দ্বারা অচৈতন্য
অভিমত সম্মত

অভিমান গর্ব্ব আত্মার অসিদ্ধ অন্যাপেক্ষা
অভিমানী অভিমানযুক্ত
অভিমুখ সম্মুখ
অভিমুখী করণ সম্মুখী করণ
অভিযুক্ত প্রতিবাদি
অভিলাষ ইচ্ছা
অভিশস্ত শাপগ্রস্ত
অভিশাপ অনষ্ট প্রার্থণা
অভিষেক শান্তিস্নান পদ প্রাপ্তের পূর্ব্বক্রিয়া বিশেষ
অভীরু ভয়হীন
অভিষ্টদ যে ব্যক্তি বাঞ্ছিত প্রদান করে
অভিষ্ট বাঞ্ছিত
অভুক্ত অনাহার
অভেদ ঐক্য
অভেদজ্ঞান ঐক্যজ্ঞান
অভ্যঙ্গ সর্ব্বাবয়বাবচ্ছেদে তৈল সংযোগ
অভ্যন্তর মধ্য
অভ্যর্ণ নিকট
অভ্যর্থনা প্রার্থনা সমাদর
অভ্যাসী আবৃত্তি বিশিষ্ট

অভ্যাস আবৃত্তি আবৃত্তি জন্য সংস্কার
অভ্র মেঘ মেঘজাতবস্তু
অভ্রান্ত ভ্রমরহিত
অমনি সহসা বিনামূল্য তৎক্ষণাৎ
অমর যাহার মৃত্যুনাই
অমরণীয় যাহার নাশ নাই
অমরাবতী ইন্দ্রের নগর
অমর্য্যাদক যে সম্মান ভঙ্গ করে
অমাত্য পারিসদ
অমাবস্যা কৃষ্ণপক্ষের অন্তিম তিথি
অমান্য তুচ্ছ
অমান্যজ্ঞান তুচ্ছজ্ঞান
অমায়িক নিস্কপট
অমিত্র শত্রু
অমুক বুদ্ধিস্থিত সম্মুখাগত
অমুত্র পরলোক
অমূল যাহার আকর পাওয়া যায় না
অমৃত যাহা খাইলে

মৃত্যু হয় না
অমদ্ধ অশুদ্ধ
অমোঘ অব্যর্থ
অমোঘাস্ত্র যে অস্ত্র লক্ষ্য ভেদ অবশ্য করে
অম্বষ্ঠ দ্বিজেন্দ্র ঔরষে বৈশ্যার গর্ভে জাত
অম্বা মাতা
অম্বিকা দেবী
অম্বুনাশক জলনাশক
অম্বু জল
অম্বুজ পদ্ম
অম্ভোজ পদ্ম
অম্ভঃ জল
অম্ভোনিধি সমুদ্র
অম্লরসবিশেষ রসবিশিষ্ট দ্রব্য
অম্লান প্রফুল্ল
অযত্ন বিনাচেষ্টা
অযথা উচিতের অন্যথা
অযথার্থিক অন্যায্য
অযথার্থ অন্যায়
যথার্থবাদী মিথ্যাবাদী
অয়নবৎসরের অদ্ধভাগ

অযশঃ অকীর্ত্তি
অযশস্কর অকীর্ত্তিকর
অয়স্কান্ত লৌহাকর্ষকপ্রস্তর
অযাচিতব্য বাঞ্ছাব্যতিরেকে যে বস্তু লব্ধ হবে
অযাচিত বাঞ্ছা বিনা লব্ধ বস্তু
অযাচিতব্রত বাঞ্ছাবিনা লব্ধবস্তু ভোজনের নিয়ম
অযুক্ত অনুচিত
অযুক্তি ন্যায়ভিন্ন
অযুত দশসহস্র
অয়েনীচ সম্বোধন
অযোগ্য অনুচিত অক্ষম
অযোগ সম্বন্ধ রহিত
অযোত্র নিধঃত
অযেত্রাপন্ন ধনহীন মনুষ্য
অরণ্য বন
অরণী যে কাষ্ঠে কাষ্ঠান্তর ঘর্ষণদ্বারা যজ্ঞের কারণ অগ্নি করাযায় সেই দুইকাষ্ঠ
অরত্ন বিস্তৃত কনিষ্ঠ বদ্ধ মুষ্টিহস্ত পরিমাণ

অরবিন্দ পদ্ম
অরাজক নৃপহীন দেশ
অরাজা যে স্বীকার করেনা
অরি শত্রু
অরুচি খাদ্যবস্তুতেঅনিচ্ছু
অরুণ ঈষৎ রক্তবর্ন্ন সূর্য্য
সূর্য্যের সারথি
অরুণোদয় উদয়েরপূর্ব্ব
মুহূর্ত্তোদয়
অরুন্ধতী নক্ষত্র বিশেষ
অরেনীচ সম্বোধন
অর্ঘ্য শিরোদয়পূজারদ্রব্য
অর্চ্চনীয় পূজনীয়
অর্চ্চক পূজক
অর্চ্চনা পূজা
অর্চ্চিত পূজিত
অর্জ্জক উপায়কর্ত্তা
অর্জ্জন উপার্জ্জন
অর্জ্জুন তৃতীয় পাণ্ডব
এবং বৃক্ষ বিশেষ
অর্ণব সমুদ্র
অর্থ ধনশব্দ প্রতিপাদ্য
অর্থবাদ কলপফলশ্রুতি
অর্থদাতা ধনদাতা
অর্থশাস্ত্র যে শাস্ত্রেদ্বারা

ধনোপার্জ্জন হয় জ্যোতিঃ
শাস্ত্র অর্থাৎ তাৎপর্য্যের
বিবরণ
অর্থান্তর পৃথক অর্থ
অর্থগ্রাহী যাহার ধনগ্রা
হীত
অর্থী ধনি প্রয়োজনযুক্ত
অর্দ্ধ এক বস্তুর তুল্যদুই
অংশের এক অংশ
অর্দ্ধরাত্র রাত্রির মধ্যভাগ
অর্দ্ধার্দ্ধ তুল্যাংশ
অর্দ্ধাশন অর্দ্ধেক ভোজন
অর্দ্ধাংশ অর্দ্ধেক অংশ
অর্পণ প্রদান এবং সমাপণ
অর্পিত যাহার সমর্পন
করা যায়
অর্ব্বুদ দশকোটি
অর্ব্বাচীন নবীন পণ্ডিত
অর্শ রোগবিশেষ
অর্শা যাহার অর্শ নামে
রোগ আছে
অর্শনাশক ঔষধি বিশেষ
অর্হ যোগ্য
অলকা কুবের পুরী কেশ

বিন্যাস
অলক্ত আলতা
অলঙ্কার ভূষণ
অলং ব্যথসমর্থ
অলঙ্ঘন যাহাকে লংঘন করা যায় না
অলস আলস্যযুক্ত
অলক্ষণ দুষ্ট চেহ্ন
অলাবু তুম্বী অর্থাৎলাউ
অলাভ অপ্রাপ্তি
অলি ভ্রমরনদ্য
অল্পান দূব নহে
অলীক মিথ্যা
অলৌকিক লোকাতীত
অল্প কিঞ্চিৎ
অলোম লোম রহিত
অলজ্জক লজ্জাবাহন ব্যক্তি
অকাশ যে কালে কর্ম্ম করা যায় না
অবক্তব্য কথনের অযোগ্য
অবকৃষ্ণ মন্দ
অবাস্থতি গতিানবৃত্তি
অবগণ্ড শিশু
অবগত জ্ঞাতাথ

অবগতি জ্ঞান
অবঞ্চক বঞ্চনাকারী নহে
অবগাহন সর্ব্বাবয়বাবাছে দে জল সংযোগ অর্থাৎ ডুব
অবঘাত রোগ ব্যতিরিক্ত মৃত্যু
অবঞ্চনা বঞ্চনার অভাব
অবচ্ছেদ বিরাম
অবজ্ঞা তুচ্ছ
অবজ্ঞাকারী যে তুচ্ছজ্ঞান করে
অবতার দেবতাদের মনুষ্য রূপে প্রকাশ
অবতীর্ণ উপস্থিতি
অবধান মনোযোগ
অবধার্য্য নিশ্চিত
অবধি সীমা
অবনত নম্র
অবধারিত নিশ্চিত
অবন্ধ্যা যে স্ত্রীতে সন্তানের উৎপত্তি হয় না
অবনতি প্রণাম
অবরজ কনিষ্ঠ
অবলী যাহারসামর্থনাই
সৈন্য শূন্যব্যক্তি

অবরোধ বন্ধ
অবর্ত্তমান বিদ্যমান বস্তুর অভাব
অবলম্বন আশ্রয়
অবজ্ঞ বন্ধ্যা
অবলীলা অনায়াস
অবলুণ্ঠন পৃথিবীতে গড়াগড়ি
অবলেপন প্রলেপ
অবলেহন জিহ্বাদ্বারাগ্রহণ
অবয়বী সকল শরীর
অবলোকন দর্শন
অবশ অসমর্থ
অবশেষ শেষভাগ
অবরুধ্য বন্ধনবিশিষ্ট
অবশেষ শেষাংশ
অবসন্ন স্পন্দরহিত
অবশ্য যে বশীভূতনহে
অবসর অবকাশ
অসন্নতা পূর্ব্ব প্রকারের ন্যূনতা
অবশাদ বিসাদ
অবসান শেষ
অবন্তি দেশ বিশেষ
অবস্থা দশা দুর্দশা
অবস্থান স্থিতি

অবর আশ্চৃষ্ঠ
অবস্থায় দুর্দ্দশাবিশিষ্ট
অবহেলা অনাদর অনায়াস
অবাক বাক্য রহিত
অবাচ্য অবক্তব্য
অবারিত অশূন্য
অবাদী প্রতিবাদী নহে
অবাস্তব্য বসতির যোগ্য নহে
অবাস্তু বাস্তুদেবতানহে
অবিচার অন্যায়
অবিদ্য বিদ্যাহীন
অবিদ্যা মায়াবিশেষ
অবিদ্যমান অবর্ত্তমান
অবিস্তারিত অপ্রসারিত
অবিধি অশাস্ত্র
অবিনয় স্তুতিনহে
অবিবাদী নির্ব্বিরোধী
অবিবাহিতা অনূঢ়া
অবিনয়ী স্তব করেনা যে ব্যক্তি
অবিবেক বিষয়াশক্তভাব
অবিবেকী বিবেচনারহিত
অবিবেচক বিবেচনাহীন

অবিরোধ বিবাদাভাব
অবিরুদ্ধ পরস্পর বিবাদী নহে
অবিলম্ব শীঘ্র
অবিশেষ বৈলক্ষণ্যহীন
অবিশ্বাস প্রত্যয়ের অভাব
অবিশ্বাসী যাহারে প্রত্যয় নাই
অবিরা পতি এবং পুত্র বিহীনা স্ত্রী
অবিশ্রান্ত নিরন্তর
অবেক্ষণ দর্শন
অবৈধকর্ম্ম যাহা শাস্ত্রোক্ত নহে
অবোধ নির্বুদ্ধি
অব্যক্ত অপ্রকাশিত
অব্যবস্থা যথাশাস্ত্রোক্ত নহে
অব্যবস্থিত অভব্য
অব্যবহার্য্য ব্যবহারের অযোগ্য
অব্যবহিত ব্যবধান রহিত বস্তু
অব্যবশায়ী কর্ম্মমাত্রেম অনশীলন ভাব বিশিষ্ট
অব্যয় অর্থাৎ নিত্য
অব্যর্থ অনোর
অব্যাজ বিলম্ব নহে
অব্যাঘাত ভঙ্গ নহে
অব্যবশীল অর্থাৎ কৃপণ
অব্রমাণ অতিশিশু
অশক্য অসাধ্য
অশক্র ইন্দ্রদেবতা নহে
অশক্তি অসামর্থ
অশক্ত সামর্থহীন
অশন ভোজন
অশান্ত দুরন্ত
অশায়ী শয়নাভাব বিশিষ্ট
অশাস্য যাহার শমতা নাই
অশাস্ত্র বেদবিরুদ্ধ

অশাস্ত্রী যাহাশাস্ত্রোক্ত নহে
অশালা গৃহনহে
অশাখী বৈদিক ভাগের অভাব বিশিষ্ট
অবশিষ্ট নিন্দিতব্যবহারী
অশিক্ষিত যাহাঅভ্যস্ত নহে
অশীতি সংখ্যাবিশেষ
অশীতিপর অতিবৃদ্ধ
অশী খড়্গ
অশুচি অশুদ্ধ
অশুক্র শ্বেতবর্ণ
অশুদ্ধ শুদ্ধহীন
অশুভ অমঙ্গল
অশেষ যাহার অন্তনাই
অশেষপ্রকার নানারূপ
অশোভা অসৌন্দর্য্য
অশোক বিয়োগজন্য দুঃখের অভাব
অশৌচ্য শোকের অযোগ্য
অশৌচ বৈদিক কর্ম্মের বিরোধি সংস্কার
অশ্রুপাত চক্ষুহইতে জলের পতন
অশ্লেষা নক্ষত্র বিশেষ
অশ্ব ঘোটক
অশ্বপালক যে ঘোটক রক্ষক
অশ্বতর খচর
অশ্বথ্য বৃক্ষবিশেষ
অশ্বমেধ যাগবিশেষ
অশ্বমেধকারী অশ্বমেধ যাগকর্ত্তা
অশ্ববৈদ্য ঘোটকের চিকিৎসক
অশ্বশালা ঘোটের গৃহ
অশ্বারুঢ ঘোটকের উপর আরোহণ শালি
অশ্বিনী প্রথম নক্ষত্র
অশায়ী মত্রকৃছ
অশ্রদ্ধা অনাস্থা অবজ্ঞা
অশ্রাব্য শনিবার অযোগ্য

অশ্রাবণ কর্ণরহিত
অশ্রাদ্ধ শ্রাদ্ধের অভাব
অষ্ট সংখ্যাবিশেষ
অষ্টকা পৌষাদিমাসত্রয়ের কৃষ্ণাষ্টমী
অষ্টম আটের পুরণ
অষ্টধা আটপ্রকার
অষ্টমী তিথিবিশেষ
অষ্টমাংশ আটের পুরণ যে অংশ
অষ্টপ্রহর দিবারাত্রি
অষ্ঠী আঠী
অসংখ্য সংখ্যাশূন্য
অসংখ্যের অগণিতবস্তু
অসংঘটন সংঘটন নহে
অসংযোগ অমিলন
অসংযুক্ত মিলন বিহিন বস্তু
অসংলগ্ন অনন্বিত
অসংস্কারী উপনয়াদি স্বন্ধপস্কার হীন
অসংশয় নিশ্চিত
অসংস্থান অপ্রতুল
অসংস্কৃত অনুচিত
অসংস্কৃতাচরণ বিরুদ্ধাচরণ।

অসংসর্গী সংসর্গ রহিত
অসঙ্গতি অপ্রতুল
অসংগ্রাম যুদ্ধ নহে
অসৎ অসাধু
অসৎপরামর্শ মন্দযুক্তি
অসহিৎ একত্র নহে
অসতর্ক অসাবধান
অসতী ব্যভিচারিণী
অসত্য মিথ্যা
অসদ্য তৎক্ষণ নহে
অসদৃশ্য তুল্য নহে
অসদ্ভাব অপ্রাপ্তি
অসম্মান অমর্য্যাদা
অসহায়ী সহকারি শূন্য ব্যক্তি
অসভ্য সভার অযোগ্য বিপৎকাল
অসময় অকাল
অসমর্থ শক্তিহীন
অসন্দেহী সংসয়াপন্নব্যক্তি
অসাহস অসাধ্য কর্ম্মে প্রবর্ত্তি
অসমক্ষ পরোক্ষ
অসমাপ্ত যাহার শেষ হয় নাই
অসমস্ত অখিল নহে

অসম্বন্ধ অসংলগ্ন
অসম্ভাব যাহার ঘটনা হয় না
অসম্ভাবিত সম্ভাবনরহিত
অসম্পাদক সম্পন্নকারক নহে
অসম্ভ্রম অমর্য্যাদা
অসম্মত অনতস্থ
অসহ্য যাহা সহা যায় না
অসন্তান কন্যা এবং পুত্রের অভাব
অসাধারণ নিজস্ব
অসাধ্য যত্নদ্বারা অনিষ্পাদ্য
অসাবধান অবিপক্ক
অসার তুচ্ছভাগ অপাত্র
অসাগ্নী কারণ কুটের অভাব
অসাক্ষাৎ অসমক্ষ
অসাধু উত্তম নহে
অশাস্ত্র শাস্ত্রের অভাব
অসি খড়্গ
অসিতপক্ষ কৃষ্ণপক্ষ
অসীম যাহার অন্তনাই
অসু প্রাণ
অসুখ সুখের অভাব

অসুখী সুখশূন্য ব্যক্তি
অসুর দৈত্য
অসুস্থ পীড়িত
অসূক্ষ্ম অর্থাৎ স্থূল
অসূয়া গুণেতে দোষের উল্লেখ
অসুন্দর সুন্দর নহে
অসৌষ্ঠব পারিপাট্যের হানি
অস্ত অন্তর্দ্ধান
অস্তাচল চরমপর্ব্বত
অস্ত্র খড়্গপ্রভৃতি
অস্ত্রধারি খড়্গধারীদিগে অস্ত্রধারী কহা যায়
অস্ত্রবৈদ্য অস্ত্রচিকিৎসক
অস্থায়ী যে স্থিতিশীল নহে
অস্থি হাড়
অস্থির চঞ্চল
অস্থিরচিত্ত ব্যঙ্গলাথী
অস্থান উত্তম স্থাননহে
অস্থৈর্য্য চঞ্চলতা
অস্পষ্ট অব্যক্ত
অস্ফুট অস্পষ্ট
অস্মদ উচ্চারণকর্ত্তা

অস্মারক বিস্মারক
অস্মদীয় আমাদের
অস্বামিক যাহাররক্ষক নাই
অসহ্য পীড়া
অস্বীকার অনঙ্গীকার
অস্ববদনযাহার ঘোটকের ন্যায় মুখ
অহ দিবা
অহঙ্কার গর্ব
অহঙ্কৃত গর্ব্বান্বিত
অহস্কর সূর্য্য
অহরহ প্রতিদিন
অহর্নিশি দিবারাত্র
অহহ খেদাবাদধক সব
অহর মহাদেব ভিন্ন
অহি সর্প
অহিধারী সর্পধারী
অহিন জলতাপরস্পরস্ব ভাবিক শত্রুতা
অহিখেল সর্প লইয়া যে খেলাকরে
অহে তুল্য ব্যক্তিকে সম্বো ধন
অহোরাত্র দিবানিশি
অহোনীয় অবজ্ঞীয়

অক্ষক্রীড়া পাষাখেলা
অক্ষত অব্রণ আতপত ণ্ডুল
অক্ষমতা ক্ষমতা শূন্য
অক্ষম অকৃতি
অক্ষয় অবিনাশী
অক্ষুরা যাহার পায়ের ক্ষুর নাই
অক্ষর অকারাদি স্বরূপ বর্ণ
অক্ষার লবন ক্ষার লবন নহে
অক্ষিল চক্ষুযুক্ত
অক্ষুন্ন সম্পূর্ণ
অক্ষুব্ধ ক্ষোভরহিত
অক্ষোভী ক্ষমতা রহিত
আঃ খেদ
আকণ্ঠ গলপর্য্যন্ত
আকিঞ্চন যত্ন
আকণ্ঠ কণ্ঠ পর্য্যন্ত
আকন্দন শ্রবণ
আকর্ষণ বলদ্বারা আন য়ন
আকর্ম্ম কর্ম্ম পর্য্যন্ত
আকর্ষণী যাহারদ্বারা আনয়ন করা যায়

আকাল্মিত হটাৎ উপস্থিত
আকাঙ্খা আশা
আকান অর্থাৎ চক্ষুহীন ব্যক্তি
আকাঙ্ক্ষিত বাঞ্ছাযুক্ত
আকার অঙ্গ
আকাল দুর্ভিক্ষ
আকারী শরীরী
আক্‌স্মিক অসমম্বোৎপন্ন
আকাশ গগণ
আকিঞ্চন চেষ্টা
আকীর্ণ ব্যাপ্ত
আকিরীট মটুক পর্য্যন্ত
আঙ্গল ব্যাঙ্গল
আকলিত কাতরত্ব বিশিষ্ট
আকৃতি অবয়ব
আক্রম বলপ্রকাশ পূর্ব্বক গ্রহণ
আক্রা দুর্মূল্য
আক্রম্য বলপ্রকাশ দ্বারা গ্রহণীয়
আক্রান্ত বলদ্বারা গৃহীত
আক্রোশ ক্রোধ
আক্রোশী ক্রোধী
আখণ্ডল ইন্দ্র
আখ্যান কথন
আখ্যায়িকা ইতিহাস
আগত উপস্থিত
আগন্তুক কদাচিৎ উপস্থিত
আগম শিবের উক্ত যে গ্রন্থ
আগত্য আগমন করিয়া
আগমন অধিষ্ঠান চলন
আগামী যাহা আসিবে
আগ্নেয় পাচক
আগারা দেশ বিশেষ
আগ্র ব্যাগ্র
আগ্রহায়ণী অগ্রহায়ণের পূর্ণিমা
আঘাত দণ্ডাদি দ্বারা নিপতন
আঘ্রাণ গন্ধগ্রহণ
আঘেয় ঘ্রাণগ্রাহ্য
আঘর্ষ্ঠিত ঘৃতপাক বিশিষ্ট বস্তু
আঙ্গিরস প্রবর বিশেষ

বৃহস্পতি
আচমন ভোজনোত্তর হস্ত এবং মুখের উচ্ছিষ্ট ক্ষালন
আচরণ ব্যবহার
আচরিত ব্যবহারযুক্ত
আচম্বিত হটাৎ
আচার শাস্ত্রীয় ক্রিয়ার রীত
আচারী শাস্ত্রীয়াচার বিশিষ্ট
আচার্য্য বৈদিক উপদেষ্ট
আছাদিত আবৃত
আছাদন আবরণ
আছাদক যাহা দ্বারা আরোহণ হয়
আছাদ্য আবৃত
আচ্ছন্ন আছাদনীয়
আজানু জঙ্ঘা পর্য্যন্ত
আজ্ঞা আদেশ
আজ্ঞাবহ আদেশ প্রতিপালক
আজ্ঞাকারী আজ্ঞাবহ
আজ্য ঘৃত
আটক বাধক
আটী তৃণাদির বোঝা
আড়ম্বর উদ্যোগ
আড়ম্বরী উদ্যোগী
আটী পরিমান বিশেষ
আঢ্য সম্পন্ন
আগাঢ় দৃঢ়পর্য্যন্ত
আতঙ্ক ভয়
আততায়ী বিশেষ অনিষ্ট করিতে উদ্যত
আতপনাশক অর্থাৎ মেঘ রাত্রি
আতপত্র ছত্র
আতর পারেলইবার বেতন
আতপত্রী ছত্রী
আতিথেয় অতিথি সেবা রত
আতিশয্য অতিশয়ত্ব
আত্মগ্রাহী স্বথপর
আত্মম্ভরি স্বার্থপর
আত্মশ্লাঘা আপনার প্রশংসা
আত্মা জীবপরমাত্মা
আত্মীয় স্বজন
আত্যন্তিক অতিশয়
আত্মহত্যা আপনার বধ
আদরী সন্মানযুক্ত
আদরণীয় সন্মান বিশিষ্ট

আদর্শ দর্পণ যাহাদে খিয়া দেখাযায়
আদর্শী চাক্ষুষ যুক্ত
আদান গ্রহণ
আদান প্রদান দানগ্রহণ
আদায় গ্রহণ
আদি প্রথম
আদিষ্ট অনুমতিযুক্ত
আদিত্য সূর্য্য
আদৃত সম্মানিত
আদেশ অনুমতি এক অ ক্ষর স্থানে অন্যাক্ষরস্থাপন
আদ্য প্রাথমিক
আদ্যন্ত প্রথম আর শেষ
অদ্যভাগ প্রাথমাংশ
•আধান ধারণ
আধার যাহাতে স্থিতিকরে
আধি বন্ধক মনঃপড়া
আধিক্য আতিশর্য্য
আধিক মনকেজ্ঞানে য
আধিপত্য ঐশ্বর্য্য
আধুনিক ইদানীন্তন
আধেয় আধারে স্থিত
আতপ রৌদ্র অসিদ্ধতণ্ডুল
আনন্দ হর্ষ

আনন মুখ এবং আস্য
আনন্দিত হর্ষযুক্ত
আনয় লইয়া আসা
আনাজ তরকারী
আনীত আনয়ন যুক্ত .
আনুকূল্য সহায়তা
আনুপূর্ব্বী মূলাবধিক্রম
আনুমানিক যুক্তিসিদ্ধ
আনুভবিক মান সজ্ঞান বিষয়
আনুরক্তি প্রয়
আন্দোলন পুনঃ২ আলো চন
আন্দোলিত আলোচন যুক্ত
আপত্তি দোষের উল্লেক বাধকতা
আপন আত্মীয়
আপন্ন প্রাপ্ত
আপদিক বিপদস্ত
আপাতত হটাৎকার
আপাদমস্তক চরণ অবধি শিরঃপর্য্যন্ত
আপ্তহিতকারী ভূম্যাদি দোষরহিত ব্যক্তি

আপ্তবাক্য ঋষিবাক্য
আপ্যায়িত অতিতৃপ্ত
অল্পাবিস্ত আকীর্ণ
আভা দীপ্তি
আভাস অভিপ্রায়
আভিজাত্য আকর
আভিধানিক কোষে লিখিত শব্দ কোষজ্ঞ
আভীর গোপ
আময় রোগ
আম অম্ল
আমান্ন অপক্বতণ্ডুল
আমাশয় মলঘটিতরোগ বিশেষ
আমিক্ষা উষ্ণদুগ্ধেতে দধি যোগ করিলে যাহা উৎপন্ন হয়
আমিষ মাংস
অমূল মূল অবধি
আমি অহং
আম বৃক্ষ বিশেষ
আমোদ আহ্লাদ
আমোদিত হর্ষযুক্ত
আম্রাতক আমড়া
আম্রেড়ন পুনঃ কথন
আম্রেড়িত পুনঃ কথিত
আমলকী ধাত্রীবৃক্ষ
আয়তন পরিসর
আয়ত্তকারী বশকারী
আয়াশ ক্লেশ
আয়ু জীবন কাল
আয়ুষ্মান অধিকায়ু বিশিষ্ট
আয়ুর্ব্বেদ চিকিৎসাশাস্ত্র
আয়ুধ অস্ত্র
আয়োজন আহরণ
আরতি প্রতিমার সন্মুখে দীপ দর্শানুকূল ক্রিয়া
আরম্ভ উপক্রম
আরব্ধ যাহার আরব্ধ হইয়াছে
আরাধনা উপাস্য
আরুঢ় আরোহণ যুক্ত
আরোগ্য রোগশান্তি

আসুরিক সাহসকৃত
আস্তর পাতিত বস্ত্র
আস্তৃত আস্তরসংযুক্ত
আস্তিক বেদোক্ত বিষ
য়ে বিশ্বাসাপন্ন
আস্থিক শ্রদ্ধাযুক্ত
আস্ফালন দম্ভযুক্তবাক্য
আস্বাদ রসনানুভবরস
আস্বাদ্য আস্বাদযুক্ত
আহরণ শব্দদ্বারা আনয়ন
আহৃত আহরণ যুক্ত
আহরণীয় হৃষ্ট
আহুতি প্রক্ষেপের
যোগ হোমীয় দ্রব্য
আহ্লাদক হর্ষ যে করে
আহ্লাদিত হর্ষযুক্ত
আক্ষেপক খেদকারী

ই

ইঙ্গিত শঙ্কিত
ইষ্ট বাঞ্ছিত
ইচ্ছা স্পৃহা
ইষ্টদেব থন্ত্রদাতা
ইতর ভিন্ন আরতুচ্ছ
ইতরে তর পরস্পর
ইতর বিশেষ ন্যনাধিক
ইতস্তত এদিক ওদিক

ইতি সমাপ্ত বোধক
ইতিহাস পূর্ব্ববৃত্তান্ত
ইতমধ্যে এইকালে
ইতর কথা উপস্থিতকথা
ভিন্ন যে কথা
ইদানীন্তন আধুনক
ইন্দ্র স্বর্গাধিপতি
ইন্দ্রিয় যাহাদ্বারা
রূপাদি জ্ঞানঅথবা গমনা
দিক্রিয়া নিষ্পত্তি হয়
ইন্দ্রিয়জ চাক্ষুষজ্ঞানাদি
ইন্দীবর নীলোৎপল
ইন্দ্রাণী শচী
ইন্দ্রিয়শালী চক্ষুরাদিযুক্ত
ইয়ত্তা সীমা
ইহলোক মর্ত্যলোক
ইক্ষুরস আক্ষুররস

ঈ

ঈদৃশ এপ্রকার
ঈশ্বরী প্রকৃতি
ঈষৎ অল্প
ঈষদুষ্ণ অল্পউষ্ণ
ঈষদ্ধাস্য অল্পহাস্য
ঈষদুক্ত কিঞ্চিদুক্ত
ঈর্ষা পরের গুণ সহিষ্ণুতা
যে না করে

ঈষদ্ধাসী অল্পহাসযুক্ত
ঈক্ষণ দর্শন

উ

উক্ত কথিত
উগ্র তীক্ষ্ণক্রোধী
উগ্রভাষী তীক্ষ্ণ বক্তা
উগ্রাস্য ভয়ানক বদন
উচ্চ ঊর্দ্ধউন্নত
উচ্চাটন উৎখাত
উচ্চারণ শব্দপ্রয়োগ
উচ্চার্য্য যেশব্দের উচ্চারণ করাযায়
উচ্চৈঃ বহৎ
উচ্চৈঃশ্রবাঃ ইন্দ্রের অশ্ব
উচ্চৈঃস্বর বৃহৎ কণ্ঠধনি
উচ্ছন্নকারী বিনাশকারী
উচ্ছিষ্ট ভক্তশেষ
উচ্ছিষ্টভক ভক্তশেষভোজী
উজ্জল দীপ্যমান
উঞ্ছবৃত্তি স্বামী লইলে ক্ষেত্রে যাহা অবশিষ্টথাকে তাহার দ্বারা নির্ব্বাহ
উচ্ছেদ ছেদন
উড়ম্বর যজ্ঞডম্বুর
উড্ডীয়মান আকাশে বিশেষ গমন শীল

উড্ডীশ তন্ত্রের গ্রন্থবিশেষ যাহাতে মারণাদি বিধি আছে
উৎকট দুঃসহ
উৎকণ্ঠা উদ্বেগ
উৎকৃষ্ণ উত্তম
উৎকর্ষ উত্তম
উৎকোচ ঘুষ
উৎক্রম বিলোম
উৎখাৎ উপদ্রব
উৎখাতকারী যে উপদ্রব করে
উশ্তপ্ত উষ্ণ তাপিত
উত্তমর্ণ ঋণদাতা
উত্তমজ শ্রেষ্ঠ হইতে যাহার জন্ম
উত্তর প্রশ্ননিরাসার্থ বাক্য দিক বিশেষ
উত্তরকাল পশ্চাৎকাল
উত্তরফল্গুণী দ্বাদশনক্ষত্র
উত্তরভাদ্রপদ ষড়বিংশতি নক্ষত্র
উত্তমাংস মস্তক
উত্তরসাধক সহায়
উত্তরাধিকারী মৃতব্যক্তির ধনাধিকারী

উত্তরায়ণ মাঘাদি ছয়মাস
উত্তরায়ণ সংক্রান্তি সূর্য্যের মকর রাশি সঞ্চার
উত্তরাষাঢ়া একবিংশতি নক্ষত্র
উত্তরা বিরাট রাজারকন্যা
উত্তরায় উপরীতি ন্যায় ধৃতবস্ত্র
উত্তানশায়ী যাহার সকল পৃষ্ঠদেশ শয্যাদি সংযোগ
উত্তান অর্থাৎ যাহার পৃষ্ঠদেশ অধোদিকে থাকে
উত্তুংগ উচ্চৈঃ
উত্তীর্ণ বিনিমুক্ত পার প্রাপ্ত
উত্তেজনা পুনঃ২ প্রেরণ
উত্তেজক যে উত্তেজনা করে
উত্তোলন উপরি উঠান
উত্ত্যক্ত বিরক্ত
উত্থাপিত যাহাকে উঠান গিয়াছেন
উত্থাপন উঠান
উত্থাপক যে উঠায়
উৎপন্ন জন্মপ্রাপ্ত

উৎপল নালি
উৎপাদক জনক
উৎপাটন মূলেরসহিত উঠান
উৎপাদন জন্মান
উৎপ্রেক্ষ্য শাদৃশ্য
উৎপ্লবন দ্রব্য দ্রব্যের বস্তু স্তরিত করণ
উৎফালী লম্ফ বিশিষ্ট
উৎসর্গ দেবাদির উদ্দেশে দ্রব্য ত্যাগ
উৎসব হর্ষজনক নিমিত্তক কর্ম্ম
উৎসাহ বিশেষ উদ্যোগ
উৎক্ষেপকারী যে ঊর্দ্ধে ক্ষেপণ করে
উদক জল
উৎক্ষেপণ ঊর্দ্ধে ক্ষেপণ
উদধি সমুদ্র
উদয়াস্ত দিবসের পরিমাণ
উদরাময় রোগবিশেষ
উদয়াচল যে পর্ব্বত হইতে সূর্য্যের উদয় হয়
উদম্ভুরি উদর পুরায়ণ
উদাও স্বরবিশেষ

উদান কণ্ঠস্থিত বায়ু বিশেষ
উদার অকপট
উদনাচার্য্য গ্রন্থকর্ত্তা
উদাস ঔদাস্য
উদাসীন অজ্ঞাতঙ্গলশীল
উদাহরণ দৃষ্টান্তস্থান
উদাহরণীয় উদাহরণ বিশিষ্ট
উদিত অধোহইতে প্রকাশিত
উদিচ্য সরাবতীনদীর পশ্চিম উত্তর দেশ
উদিচী উত্তরদিক
উদূখল তণ্ডুলনিষ্পাদক আধার বিশেষ
উদগাথা সামবেদবেত্তা
উদগারণ বমি
উদগারকৃৎ যে উদগার করে
উদ্ঘাটন বন্ধক পাট প্রভৃতির প্রসারণ করা
উদ্দীপ্ত অচেস্ত প্রকাশিত
উদ্দেশ অন্বেষণ প্রীতি কামনা

উদ্দেশ্য প্রয়োজন
উদ্দত অন্যমনস্কাউৎপাত জনক
উদ্ধারকারী ত্রাণ করে যে
উদ্ধব কৃষ্ণের শিষ্য পর হস্তগত দ্রব্যের পনরাদান
উদ্ভট যে শ্লোক গ্রন্থে ধৃত নহে
উদ্ভব জন্ম
উদ্ভশালী জন্মবিশিষ্ট
উদ্ভিজ্জ বৃক্ষলতা প্রভৃতি
উদ্ভুত জাত
উদ্যম উদযোগ
উদ্যমী উদযোগী
উদ্যান কৃত্রিম বন
উদ্যোগী আয়োজনশালী
উদ্রেক উম্মুখপ্রস্তাব
উদ্বর্ত্তা যাহা অবশিষ্ট হয়
উদ্বর্ত্তন উর্দ্ধে গমন
উদ্বাহ বিবাহ
উদ্বাহ্য বিবাহযুক্ত
উদ্বেগ মনের ব্যাঙ্গলতা
উদ্বেগী ব্যাকুলী
উদ্বোধ স্মৃতি জনক
উন্দুরু মুষিক

উন্নতি বৃদ্ধি
উন্নায়ক উন্নতিজনক
উন্নয়ন উর্দ্ধে নিক্ষেপ
উন্মত্ত কামাদিতে আশক্ত চিত্ত
উন্মীলন চক্ষুরাদি প্রকাশ
উন্মনাঃ অন্যমনস্ক
উন্মীলনী মুদিতের প্রকাশ
উন্মুখ উদ্রেক
উপকথা কাল্পনিক লৌকিক ইতিহাস
উপকরণ ভোজ্যদ্রব্যের অঙ্গ
উপচার উপকরণ
উপর্য্যুপরি এক বস্তুর উপরে অন্যবস্তুর স্থিতি
উপকার ভালকরা
উপকারক যে ভাল করে
উপকারী উপকারক
উপযু্যধ উর্দ্ধ আর নিচে
উপজীবিকা জীবনের উপায়

উপজীব্য অবলম্বন
উপঢৌকন ভেটদেওনে যোগ্যবস্তু
উপতাপ মনপীডা
উপতাপী মনপীডা যুক্ত
উপদংশ ক্ষতরোগবিশেষ
উপদংশন দন্তাঘাত
উপদেশ শিক্ষাকরান মন্ত্রদান
উপদেষ্টা যে ব্যক্তি শিক্ষা করায়
উপদিষ্ট যে ব্যক্তি মন্ত্রগ্রহণ করে
উপনয়ন যজ্ঞসূত্র ধারণ জন্য সংস্কার
উপনিষদ বেদের শিরোভাগ
উপন্যাস উপকথা
উপপতি জায় উপবেসন গমনের নিবৃত্তি
উপপদ পদের নিকটবর্ত্তি শব্দ

উপপাতক গোবধাদি জন্য পাতক।
উপভোগ বিষয়ের সুখানুভব
উপমেয় উপমাবিশিষ্ট
উপযুক্ত যোগ্য
উপযোগী অনুকূল
উপপাপ গোবধাদি জন্য পাপ
উপযোগিতা আনুকূল্য
উপরাগ গ্রহণ
উপরিভাগ ঊর্দ্ধভাগ
উপরোধী গৌরবযুক্ত
উপরোধ গৌর সহায়তা
উপলব্ধি জ্ঞান
উপ সমীপ
উপলক্ষ ঈষৎ অবলম্বন
উপবন কৃত্রিম বন
উপহাস্য ঔদাস্য
উপবাস আহোরাত্রভোজনাভাব
উপবিষ্ট আসনে অবস্থিতি
উপবীত দক্ষিণবাহুর অধস্থিত যজ্ঞসূত্র
উপবাসী উপবাসযুক্ত
উপশম প্রতীকার

উপস্বর্গ উপাধি
উপসর্পণ অনবৃত্তি
উপস্ত্রী পত্নীভিন্ন ভোগ্যস্ত্রী
উপরম মৃত্যু
উপস্থ স্ত্রীপুংস্তের চিহ্ন
উপস্থিত আগত উত্থিত
উপস্থান উপাসনা বিশেষ
উপস্বত্ব ভূম্যাদিতে উৎপন্ন বস্তু
উপগুরু মন্ত্রের সন্ধ্যা বন্দনাদি যেশিক্ষা করায়
উপাদেয় মনোহর
উপান্ত অন্তের সমীপ
উপাসনা অনুবৃত্তি
উপার্জ্জক যে উপার্জ্জন করে
উপাস্য আরাধ্য
উপেক্ষা ত্যাগ
উপেক্ষিত ত্যক্ত
উভয় মিলিত দুই
উভয়তঃ পরস্পর
উভয়সামগ্রী দুয়ের কারণকূট
উমা গৌরী
উমেশ মহাদেব
উমাস্তুতি গৌরীর স্তব

উরগ সর্প
উরু জানুর উপরি ভাগ
উর্ব্বশী স্বর্গ বেশ্যাবিশেষ
উর্ব্বী পৃথিবী
উলঙ্গ বিবস্ত্র
উলঙ্গিনী বস্ত্রশূন্যস্ত্রী
উলূক পেচক
উল্কাপাত অগ্নিশিখার ন্যায় তেজের পতন
উল্লঙ্ঘন অন্যথাকরা
উল্লঙ্ঘিত যাহাকে উল্লঙ্ঘন করাযায়
উল্লাশ হর্ষ
উল্লাসিত হর্ষযুক্ত
উল্লাসক হর্ষজনক
উল্লুক লাঙ্গুলহীন বানরাকার পশু
উল্লেখ প্রস্তাব
উল্লেখ্য প্রস্তাব্য
উল্লেখা যে প্রস্তাব করে
উল্বন পিত্তাদির বিকার
উশীর বেনার মূল
উষা অরুণোদয়ের কালে অনিরুদ্ধপত্নী
উষাপতি অনিরুদ্ধ

উষ্ট্র উট
উষ্ণ তপ্ত
উষ্মা তপ্তক্রোধ
উষ্ণিক ছন্দবিশেষ
ঊন কিঞ্চিৎন্যূন
ঊর্দ্ধ উপরি
ঊর্দ্ধতরাঃ চতুর্থশূমী
ঊর্দ্ধোর্দ্ধ উপরি২
ঊহ বিতর্ক
ঊবিদৃত ত্যক্ত

ঋ

ঋক প্রথম বেদ
ঋজু শরল ক্ষীণ
ঋজুস্বভাব সরল শীলতা
ঋণ যাহার পরিশোধ করিতে হয়
ঋণকৃৎ যে ঋণ করে
ঋতু বসন্ত প্রভৃতি ছয় রজোঽবস্থা
ঋতুমতী রজস্বলা
ঋত্বিক পরোহিত
ঋত পীড়িত
ঋদ্ধি ধন
ঋষি মনি
ঋষ্টি গৃহদোষ
ঋষ্টিজ্ঞ যে গহদোষ

জানে

ঋষ্যশৃঙ্গ মুনিবিশেষ

ঋক্ষ ভালুক নক্ষত্র

এ

এ সম্মুখস্থিত বুদ্ধিস্থ

এই অগ্রাবস্থিত

এইক্ষণে এসময়ে

এতাদৃশ এইপ্রকার

এক সংখ্যার প্রথম

একক দ্বিতীয় রহিত

এককাল অভিন্নকাল

এককালীন সমকাল জাত

একচিত্ত অনন্যমনা

একতা মিলন

একদেশ যৎকিঞ্চিৎ অবয়ব

একতৌল সমান পরিমান

একত্র একস্থানে মিলিত

একতান বিচ্ছেদ রহিত

একান্তর জলশূন্য স্থানা ভাব

একক্ষেত্র সমান বিশেষ

একাকার সমানাকার সমান আচার

একাকী সহায় শূন্যব্যক্তি

একাগ্রচিত্ত অনন্যমনাঃ

একচিত্তী সমানচিত্ত

একাদিক্রম ক্রমনিরন্তর

একান্তরা একদিন ব্যব ধানে ভোজনাদির নিয়ম

একান্ন অবিভক্তা সংখ্য বিশেষ

একার স্বরের একাদশবর্ণ

একাবয়ব সমানকৃতি

একাতপত্র সর্ব্বাধ্যক্ষ

একাক্ষ একচক্ষু হীন

একাক্ষরকোষ অভিধান

এখন সংপ্রতি

এখান এইস্থান

এখাদ্য এই বস্তু খাদ্য

এগণ্য এই বস্তু মান্য

এঘরে এইঘর

এত এপর্য্যন্ত

এতৎ এই

এতদর্থে এইজন্যে
এতন্নিমিত্তে এইজন্যে
এতাবন্মাত্র এইকেবল
এতাবতা এইহেতুক
এতাদৃশ এইরূপ
এতাদৃক এইপ্রকার
এনিমিত্ত একারণ
এপর্য্যন্ত এই অবধি
এপ্রযুক্ত এনিমিত্ত
এবংপ্রকার ঈদৃষ
এবম্বিধ এইপ্রকার
এমন এমত
এরণ্ড ভেরণ্ডা বৃক্ষ
এলা এলাচি
এলাহি যাহার পরিমাণ নিয়ম নাই
এব নিশ্চিত কিন্তু ইহার পৃথক প্রয়োগ নাই
এবং আর

ঐ

ঐ কিঞ্চিৎ ব্যবহিত বুদ্ধিস্থ বস্তু

ঐহায়িক যে জ্বর এক কালিন অন্তর হয়
ঐকান্তিকী নিতান্ত
ঐকারণ ব্যবহিত কারণ
ঐক্যশালী মিলনযুক্ত
ঐক্যকৎ যে মিলন কার
ঐন্দ্রজালিক প্রদর্শিত মিথ্যারস্তু
ঐরাবত ইন্দ্রের হস্তী
ঐশী দৈবীশক্তি
ঐশ্বর্য্যশালী সম্পত্তি বিশিষ্ট
ঐহিক যাহা ইহকালে হয়
ঐহিক চেষ্টা ইহকালে যে চেষ্টা হয়

ও

ও পারোক্ষ বুদ্ধিস্থ
ওঙ্কার প্রণব
ওতপ্রোত দীর্ঘপ্রস্থে প্রথিত
ওদন অন্ন

ওদনকারী অন্নকারী
ওত পূরণ
ওষধি ফলপাক হইতে যাহার বিনাশ হয়
ওষ্ঠ দন্তের আচ্ছাদন
ওষ্ঠী দন্তশালী
ওষ্ঠাধর অধর

ঔ

ঔৎকর্ষ শ্রেষ্ঠত্ব
ঔৎষক্য অধিকাধিক পবৃত্তি
ঔৎমর্শিক স্বভাবত
ঔদার্য্য অকাপট্য
ঔদাসীন্য বিষয়ে বিরাগ
ঔদাস্যকারী যে ওছত্ব করে
ঔদ্ধত্য দূরন্ততা
ঔরস স্বদেহ জাত
ঔর্দ্ধদেহিক পেতক্রিয়া
ঔর্দ্ধদেহিককারী যে পেতক্রিয়া করে
ঔষধকৃৎ বৈদ্য

ক

কংস রাজা বিশেষ
কংসারি কৃষ্ণ দেবতা বিশেষ

কঙ্কণ করভূষণবিশেষ
কঙ্কর পাষাণবৎ মৃত্তিকা
কঙ্কতিক চিরণি
কচ্ছ পরিধেয় বস্ত্রের শেষ ভাগ অর্থাৎ কাছা
কচ্ছপ কূর্ম্ম
কজ্জল অঞ্জন
কজ্জলী ঔষধ বিশেষ
কঞ্চুক কাঁচলী
কড়াহ দুগ্ধাদির আতপের পাত্রলৌহ নির্ম্মিত
কটাক্ষ নেত্রের প্রান্তভাগ দ্বারা দর্শন
কটান্ত দর্শনাদি বিশেষ
কটি শরীরের মধ্যভাগ
কটিক্ষীণ মধ্যদেশাবচ্ছেদে অস্থূল
কটু তীব্ররস
কটফল ফলবিশেষ
কটার কাটারি
কটুপায়ী তীব্ররসপান কর্ত্তা
কট দরমাদি
কঠশাখা যজুর্ব্বেদের এক ভাগ

কঠোর কর্কশ
কঠিনতা দৃঢ়ত্বা
কড়ম্ব দংসন
কাড় কপর্দ্দকধন
কড়ম্বক দংশনকর্ত্তা
কণা বিন্দু
কণাদ মুনিবিশেষ
কণামাত্র কণার
অতিরিক্ত নহে
কণ্টক কাঁটা
কণ্টকারি ঔষধবিশেষ
কণ্টকীফল কাঁঠাল
কণ্ঠ গলদেশ
কণ্ঠস্থ মুখাগ্রত
কণ্ঠাভরণ গলভূষণ
কণ্ঠজ্ঞ যে গলদেশ জানে
কণ্ঠী গললগ্ন মালা
কণ্ঠ্য কণ্ঠদেশ হইতে
উচ্চারিত বস্তু
কণ্ডুয়া গাত্রকণ্ড
কণ্ডুয়ান কণ্ডুনিঘষণ
কণ্ড গাত্রচুলকনা
কত পরিমাণ জিজ্ঞাসা
সংখ্যা জিজ্ঞাসা
কতিপয় কথক গুলিন
কথং কি প্রকার

কথ্য প্রস্তাব্য
কথক পুরাণবক্তাকিঞ্চি
দংশ
কথয় বাক্য প্রয়োগ
কথিত যাহাকহা গিয়াছে
কথিতব্য যাহাকহাযাবে
কথোপকথন পরস্পর
আলাপ
কদম্ব বৃক্ষবিশেষ
কদর্য্য নিন্দিত
কদর্য্যালাপী নিন্দিত
আলাপী
কদলী মোচাফল
কদক্ষর নিন্দিত লিপী
কদভ্যাস কুসংস্কার
কদ্বদ যে কুৎসিৎ
বাক্য বলে
কদাকারকুৎসিৎ আকৃতি
কদালাপ নিন্দিত আলাপ
কদাচার কুব্যবহার
কদাচিৎ কথন
কদাপি কথনই
কদাগমন কোন কালে
আগমন নিন্দিত আগমন
কনক স্বর্ণ
কনিষ্ঠ অনুজ

কনিষ্ঠজ অনুজের পুত্র
কন্থা কাথা
কন্দ মূল
কন্দর্প মদন
কন্যা পুত্রী বালিকা
কন্যাজ দৌহিত্র
কপট অন্তর্বিরুদ্ধমিথ্যাবেশ
কপর্দ্দক কড়ি
কপাট দ্বারেরআবরণবিশেষ
কপালী ভৈরববিশেষ জাতি বিশেষ
কপটী মিথ্যাবেশধারী
কপি বানর
কপিত্থ কতবেল
কপিল মনিবিশেষ
কপিলা গোবিশেষ
কপোণি বাহুরঅনোগ্রান্থ
কপোত পায়রা
কপোল গণ্ডদেশ
কপোলী গণ্ডদেশ যুক্ত
কফী শ্লেষ্ম যুক্ত
কফজ শ্লেষ্ম হইতে জন্মে
কবন্ধ মস্তকহীনদেহ
কর্ম্মঠ কচ্ছপ

কমণ্ডলু মৃত্তিকানির্ম্মিত জলপাত্র
কমনীয় মনোহর
কমল পদ্ম
কমলা লক্ষ্মী
কমলাননা যাহার মুখ পদ্মের ন্যায়
কমলাসন ব্রহ্মা
কমলিনী পদ্মিনী
কম্প অতিশয়গাত্রস্পন্দন
কম্পিত কম্পযুক্ত
কম্পন গাত্রের স্পন্দন
কম্বল লোমনির্ম্মিত আসন
কর হস্তরাজস্বকিরণ
কর পদ্ম হস্তকেপদ্মস্বরূপ কহাযায়
করগ্রাহক যিনি কর গ্রহণ করেন
করণ সাধনকরা বস্তু সঙ্কর বিশেষ
করণীয় কর্ত্তব্য
করভ শিশু হস্তি
করত করিতে
করতল হস্তের উপরিভাগ
করতাল কাংস্যনির্ম্মিত

বাদ্য বিশেষ
করকা শীল
করতালী করদ্বয়ের শব্দ
করতোয়া নদী বিশেষ
করবীর পুষ্পবিশেষ
করগ্রাহী কর যিনি গ্র
হন করেন
করাল ভয়ানক
করাত কাষ্ঠবিদারণ অস্ত্র
বিশেষ
করী হস্তী
করুণাময়ী দয়াময়ী
কর্কট কঁকডাচতুর্থ
রাশি নাগ বিশেষ
কর্কটীফল কাঁকুড
কর্কশ কঠোর
কর্কশবাদী যে কঠোর
বাক্যবলে
কর্ণ শ্রবণেন্দ্রিয়বারবিশেষ
কর্ণগহ্বর কর্ণের ছিদ্র
কর্ণশষ্কুলী কর্ণের মধ্য
বর্ত্তি শূন্য
কর্ণগহ্বরা কর্ণের ছিদ্র
বিশিষ্ট
কর্ণাকর্ণি পরস্পরকর্ণ
সমীপে কথন

কর্ণাট দেশবিশেষ
কর্ণিকা পদ্মেরচাক
কর্ত্তনীয় খণ্ডযোগ্য
কর্ত্তন খণ্ডকরা
কর্ত্রী প্রধানা গৃহিণী
ক্রিয়াতে প্রধানাস্ত্রী
কর্তত্তা কর্ত্তার ধর্ম্ম
কর্তত্তা কর্ত্তার ধর্ম্ম
কর্ত্তা ক্রিয়াতে প্রধনাপ্রভু
কর্তৃত্ব কর্ত্তার ধর্ম্ম
বিশিষ্ট
কর্দ্দম পঙ্ক
কর্পূর শুক্লবর্ণ গন্ধদ্রব্য
বিশেষ
কর্পূরাস্তব দুর্গারস্তব
কর্পূরা ভগবতী
কর্ম্ম যাহাকরাষায় যাহার
উপরিক্রিয়াব্যাপন করে
কর্ম্মজন্য যাহাকর্ম্মাধীন
হয়
কর্ম্মকৎ যে কর্ম্মকরে
কর্ম্মঠ কর্ম্মে নিপূণ
কর্ম্মণ্য কর্ম্মযোগ্য
কর্ম্মসাধ্য যাহা কর্ম্মহই
তে হয়

কর্ম্মেন্দ্রিয় বাকপাণি পাদপায়ু উপস্থ
কর্ম্মবিপাক নিসিদ্ধকর্ম্মের ফল গ্রস্থ বিশেষ
কর্ম্মিষ্ঠ কর্ম্ম পটু
কর্ম্মান্তিক কর্ম্ম দ্বারা যাহার নিবাস
কর্ম্মী যেবৈধকর্ম্ম করে
কর্ষণ লাঙ্গলাদি দ্বারা খনন আকর্ষণ
কল অব্যক্ত মধুর শব্দ যন্ত্র
কলহকারী বিরোধকারী
কলকল অব্যক্ত শব্দ
কলঙ্ক অপবাদ
কলঙ্কী অপবাদ গ্রস্থ
কলত্র ভার্য্যা
কলঞ্জ বিশাক্ত মৃগ
কলম লেখনী
কলরব মনুষ্যের উচ্চশব্দ যাহার অর্থ বোধ হয় না
কলুং যে আক্রমণ করে
কষায় কলাই
কলসী মৃত্তিকা নির্ম্মিত জলাধার অর্থাৎ ঘড়া
কলহ বিরোধ
কলহেচ্ছু বিরোধ করিতে ইচ্ছা যাহার
কলা চন্দ্রের এক অংশ রম্ভা
কলাপ কাতন্ত্র ব্যাকরণ সমহ
কলাপী সমূহবিশিষ্ট
কলি চত্তুর্থ যুগ
কলিকা অস্ফুট পুষ্প
কলিঙ্গ দেশ বিশেষ
কলিত্র কলিকালের ধর্ম্ম
কলেবর দেহ
কল্ক থলি
কল্কী দশম অবতার
কল্পক কল্পনাকরে যে
কল্প বৃহ্মার দিবারাত্রির অদ্ধ ইচ্ছা
কল্পতরু যাচঞানুসারে কল্পদাতা স্বর্গ বৃক্ষ বিশেষ
কল্পনা একেতে অন্যের আরোপ
কল্পিত আরোপিত
কল্য গত দিবস আগামি দিবস
কল্যান মঙ্গল

কল্যাণীয় মঙ্গলযুক্ত
কল্লোল বড় তরঙ্গ
কবচ দেবতার স্তুতি বিশেষ অস্ত্রাদি বারণার্থ পরিধেয় বিশেষ
কবর্গ কাদি পঞ্চবর্ণ
কবচী কবচ যুক্ত
কবল গ্রাস করা
কবলীকৃত গ্রস্ত
কবি পণ্ডিত যে পদ্য করিতে পারে
কবিত্ববাদী যে কবিতা বলিতে পারে
কবিতা পদ্য
কশ্মীর দেশ বিশেষ
কশ্মীরস্থ কশ্মীর নামে দেশস্থ বস্তু
কশ্যপ প্রজাপতি বিশেষ
কষায় রসবিশেষ বস্তু বিশেষ
কষায়পায়ী যে পানকরে কষায় নামে রস
কষ্ট ক্লেশ
কষ্টকারী যে ক্লেশ করে
কস্তুরী গন্ধদ্রব্যবিশেষ
কহ্লার শুধি

কাঁকড় ফল বিশেষ
কাংস্য কাঁসা
কাঁস্যকার কাঁসারি জাতি
কাঁকই চিরুণি
কাঁকড়া কর্কট
কাঁকবিরালী তৃণবিশেষ
কাঁকরোল ফলবিশেষ
কাঁচ দেশান্তরীয় নির্ম্মল মৃত্তিকা
কাজী পুরাতন আমানি
কাটাল ফল বিশেষ
কাঁইবিচি চিন্তাড়ির বিচি
কাক পক্ষি বিশেষ
কাকতালীয় অকারণে কারণ বোধ
কাকিনী বিংশতি কপর্দ্দক
কাচ কাল্পনিক বেশ
কাঞ্চন সুবর্ণ
কাঞ্চনাভা সুবর্ণের তুল্য দীপ্তি
কাঞ্চী দেশ বিশেষ
কাটা ছেদন
কাট কাষ্ঠ
কাটারী অস্ত্র বিশেষ
কাঠিন্য নিষ্ঠুরতা দৃঢ়তা

কাঠা পরিমান বিশেষ
কাণ এক চক্ষুহীন
কাণ্ড প্রকরণ
কাণ্ডারী কর্ণধার
কণ্ব যযুর্ব্বেদের শাখা বিশেষ
কাতর ব্যাকুল
কাতরতা ব্যাকুলতা
কাদম্বিনী মেঘ সমূহ
কাদা কর্দ্দম
কানন বন
কাননস্থ যে বনে থাকে
কানীন অবিবাহিতার গর্ভ জাত
কান্ত প্রিয়তম অর্থাৎ পতি
কান্তি শোভা
কান্যকুব্জ দেশ বিশেষ তদ্দেশীয়
কাঁপ বারেন্দ্র ব্রাহ্মণের দিগের উপাধি বিশেষ
কাপট্য শঠতা
কাপুরুষ নিন্দিত ব্যক্তি

কাম মদন
কামনা বাসনা
কামজ কামদ্বারা যাহার জন্ম হয়
কামরূপী দেশ বিশেষ
কামরূপ বহুরূপ ধারণ সমর্থ
কামাতুর কন্দর্প হইতে ব্যাকুল
কামার্ত্ত কন্দর্প হইতে পীড়াযুক্ত
কামান ক্ষৌর
কামার জাতি বিশেষ
কামিনী উত্তমানারী
কামী কামবিশিষ্ট
কামুক স্ত্রীসুখাশক্ত
কামড়ান দংশন
কাম্য কামনার বিষয়
কামাশক্ত মদনাশক্ত
কাম্য কর্ম্ম যে কর্ম্ম হইতে স্বর্গাদি ফল হয়
কায় দেহ

কায়স্থ শূদ্রাদি জাতি বিশেষ

কায়ক্লেশ শারিরীক কষ্ট

কায়ব্যূহ নানাপ্রকার শরীর হইতে যে এক আত্মার সুখ হয়:

কারক ক্রিয়ার সাক্ষাৎ নিমিত্ত

কারণ হেতু

কারাগার বন্ধন গৃহ

কারাগারস্থ বন্ধন গৃহ স্থিত বস্তু

কারিকা সংক্ষেপ হনেকার্থ সংগ্রহপদ্য বিশেষ

কারিকাজ্ঞ কারিকা যে জানে

কারু শিল্পকর্ম্ম

কারিকর যে শিল্পকর্ম্ম করে

কার্কশ্য অল্পতা

কার্ত্তিক শরদের দ্বিতীয় মাস

কার্ত্তিকেয় দেবতাবিশেষ

কার্ত্তাবীর্য্যার্জ্জুন রাজা বিশেষ

কার্পণ্য ব্যায়ঙ্গঠতা

কার্পাস কাপাস

কার্ম্মুক ধনুক

কার্ম্মুকগ্রাহী ধনুকধারী

কার্য্য প্রোয়জনক্রিয়া

কার্য্যাকার্য্যা কর্ত্তব্যাকর্ত্তব্য কর্ম্ম

কার্যাপণ ষোড়শপণ

কাল সময় যম মৃত্যু

কাল কৃষ্ণবস্তু

কালকূট তীব্রবিষ

কালকলনা মৃত্যু

কালক্রমে সময়ের ধর্ম্মে

কালশিরা শরীরের ওপাধিক কৃষ্ণবর্ণ চিহ্ন

কালানল প্রলয়কালের অগ্নি

কালাশৌচ পিতৃমাতৃ মরণে সম্বৎসর দেহের অশুদ্ধি

কালিকা দেবী বিশেষ
কালিন্দী যমুনা
কালী দেবীবিশেষ মসী
কালীন সময়েতে উৎপন্ন বস্তু
কালীয় সর্প বিশেষ
কাল্পনিক আরোপিত
কাব্যগ্রন্থ বিশেষ পরিহাস
কাবু কারণ দ্বারা দুরন্ত ব্যক্তি কেন মকরা
কাশ রোগ বিশের
কাশী বারানশী
কাশ্মীর দেশবিশেষ
কাশান্তক ঔষধি
কাশ্যপ কাশ্যপের সন্তান
কাশ্যপগোত্র যাহাদের আদি পুরুষ কাশ্যপ
কাশ্যপি সূর্য্যের সারথি
কাষ্ঠ বৃক্ষের অবয়ব
কাষ্ঠা অষ্টাদশ নিমেষপরিমিতকাল কঠোর তপস্যা
কাষ্ঠাসন বৃক্ষের অবয়বনির্ম্মিত আসন
কাহন কার্ষাপণ

কি জিজ্ঞাসা বোধকশব্দ
কিঙ্কর দাস
কিঞ্চিৎ অল্প
কিঞ্চ আর কিছ
কিন্তু পূর্ব্ববাক্যের সঙ্কোচবোধক
কিন্নর স্বর্গের গায়ক
কিম্পুরুষ তদ্রূপুরুষ কিন্নর
কিম্বদন্তী জনশ্রুতি
কিম্বা অন্যকল্পেরজ্ঞাপক
কিম্প্রকার কিদৃশ
কিম্ভূত কিপ্রকার
কিয়ৎ কত
কিরণ রশ্মি
কিরিটী মুকুট
কিরাত ব্যাধ
কিরট মুকট
কিল নিশ্চিত
কিশোরী পঞ্চদসবয়স্কা নারী
কিশোর পঞ্চদশবয়স্ক নর
কীচক বিরাটের সেনাপতি
কীট অতিশয়ক্ষুদ্রজন্তু
কীদৃশ কিপ্রকার

কীর্ত্তিকা তৃতীয় নক্ষত্র
কীর্ত্তন গানবিশেষ কথন
কীর্ত্তি যশঃ
কীল বদ্ধমুষ্টি
কীলাকীল মুষ্টামুষ্টি
খারাব নিন্দিত
কুন্দ যন্ত্রবিশেষ
কুকুট কুক্কুর
কুপ গর্ত্ত বিশেষ
কুক্কুর কুক্কুর
কুখ্যাতি অযশ
কুঙ্কুম গন্ধদ্রব্যবিশেষ
কুচ স্তন
কুচক্র মন্দ পরামর্শ
কুচক্রী যে মন্দপরামর্শ করে
কুচি খণ্ড
কুচি২ খণ্ড২
কুছ নিন্দিত
কুছুত নিন্দিত
কুঝ্ঝটিকা কুয়াসা
কুঞ্জ বৃক্ষলতাদিরচিতগৃহ
কুঞ্জর হস্তী
কুটিল বক্র
কুটি২ খণ্ড২
কুটীর ক্ষুদ্রগৃহ

কুটুম্ব যাহাদের সহিতবিবাহাধীন সম্বন্ধ হয়
কুট্টনী কুটনী
কুট কারাণাদির সমূহ
কুঠরি কাষ্ঠছেদক অস্ত্র
কুড গন্ধদ্রব্য বিশেষ
কুণ্ঠ শঙ্কুচিত
কুণ্ঠিত শঙ্কুচিত
কুণ্ড অগ্নিস্থাপনার্থ কৃত্রিম গর্ত্ত বিশেষ পতিবর্ত্তমানে জারজপুত্র
কুণ্ডল কর্ণভূষণ
কুণ্ডনালী মূলাধারস্থ নাড়ী বিশেষ
কুতপ দিবসের অষ্টমমুহূর্ত্ত
কুতুপ কুপো
কুতুপা কুপা
কুতর্ক কুমন্ত্রণা
কুতূহল কৌতুক
কুতূহলী কৌতুকযুক্তি
কুত্রাপি কোন স্থানে
কুত্রচিৎ কোন সময়ে
কুৎসা নিন্দা
কুৎসিত নিন্দিত

কুদ্দাল মৃত্তিকা খননের অস্ত্র বিশেষ
কুধারা নিন্দিত ব্যবহার
কুনীতি কুব্যবহার
কুনিষ্ঠা নিন্দিত শুদ্ধা
কুন্তল কেশ
কুন্দ শুক্লবর্ণ পুষ্প বিশেষ
কুন্দল কলহ
কুন্দম উত্তম সুবর্ণ
কুপথী নিন্দিত পথাবলম্বী
কুপথ নিন্দিত পথ
কুপরামর্শ কুমন্ত্রণা
কুবের ধনাধিপতি
কুবেশ কুসজ্জা
কুব্জ বক্রপৃষ্ঠ
কুমন্ত্রণা অসৎপরামর্শ কুমন্ত্রি পরামর্শের
কুমার বালক জাতিবিশেষ
কুমারী যে কন্যার রজো যোগ হয় নাই
কুমতি দুর্মতি
কুমুদিনী জলজপুষ্পবিশেষ
কুম্ভ কলসী
কুম্ভক নিশ্বাসের অবরোধ
কুম্ভকর্ণ রাবণের অনুজ।
কুম্ভককৃৎ যেনিশ্বাসে অবরোধ করে
কুম্ভীর হিংস্রকজলজন্তু বিশেষ
কুরঙ্গ মৃগ
কুরব নিন্দিতধ্বনি
কুরুবংশ কুরুরাজার সন্তান
কুরবা যাহার কুযশ আছে
কুরুবক পুষ্পবিশেষ
কুরুক্ষেত্র পুণ্যক্ষেত্রবিশেষ
কুরূপ কদাকার
কুরুধির মন্দরক্ত
কুর্পর অধীন
কুল বংশমর্য্যাদা ফল বিশেষ
কুলটা অসতী
কুলজ্ঞ বংশমর্যাদাজানেযে
কুলধর্ম্ম বংশের পরম্পর ব্যবহার
কুলভঙ্গ বংশমর্য্যাদার অভাব

অভাব
কুলক্ষণ অনিষ্টসূচকচিহ্ন
কুলবধূ সদ্বংশীয় স্ত্রী
কুলা সর্প
কুলাচার বংশধর্ম্ম বা আচার
কুলাদি বংশের প্রথম
কুলাবধূত তন্ত্রোক্ত সন্যাসী
কুলাল কুম্ভকার
কুলাচারী বংশধর্ম্মশালী বা আচার বিশিষ্ট
কুলীন বিশিষ্ট বংশজাত
কুল্লী মুখপ্রবিষ্ট জলের আলোডন
কুশ শ্রাদ্ধের উপযোগি তৃণ বিশেষ
কুশী পূজার্থে জল গ্রহণের পাত্র বিশেষ
কুশল কল্যাণ
কুশলী কল্যাণবিশিষ্ট
কুষ্ঠ রোগবিশেষ
কুষ্ঠী মহাপাতকী
কুষ্মাণ্ড ফলবিশেষ
কুসীদ লাভার্থে ধান্যের ঋণ দান
কুসুম পুষ্প

কুষ্মাণ্ডাকার কুষ্মাণ্ডের ন্যায় আকার
কুস্বপ্ন নিদ্রাবস্থায় অনিষ্ট দর্শন
কুহক সর্ব্বথা কল্পিত বস্তু
কুহর ছিদ্র
কুহাস্য মন্দহাস
কুক্ষি উদরের পার্শ্ব
কুক্ষণ মন্দ সময়
কুটার্থ বিরুদ্ধার্থ কঠিনার্থ
কূপ ক্ষুদ্র জলাশয় বিশেষ
কূর্ম্ম কচ্ছপ
কূর্ম্মাবতার কৃষ্ণের অবতার বিশেষ
কূল নদীতট
কৃচ্ছ্র কষ্ট
কৃচ্ছ্রসাধ্য কষ্টসাধ্য
কৃতঘ্ন যে ব্যক্তি উপকার না মানে
কৃত যাহা করিয়াছিলাম
কৃতজ্ঞ উপকারি ব্যক্তির উপকারে যে প্রবৃত্ত
কৃতার্থ কৃতকার্য্য
কৃতান্ত যম
কৃতাপরাধী যে অপরাধ

করিয়াছে
কৃতিত্ব যোগ্যতা
কৃতী ক্ষমতাবাণ
কৃত্তিকা তৃতীয় নক্ষত্র
কৃত্য করণীয়
কৃত্রিম যত্ন দ্বারা নিষ্পন্ন কাল্পনিক
কৃপণ ব্যায়কুণ্ঠ
কৃপনতা অদাতৃত্ব
কৃপাবলোকন দয়া করিয়া দৃষ্টিপাত
কৃপা দয়া
কৃপালু দয়াশীল
কৃপাময়ী যে ব্যক্তিকে দয়া আছে
কৃমি কীট বিশেষ
কৃশ ক্ষীণ
কৃশাঙ্গী উত্তমাবয় শাস্ত্রী
কৃশানুরেতাঃ মহাদেব
কৃষাণ যে ব্যক্তি কৃষি কর্ম্ম করে
কৃষি কর্ম্ম হলযোজনাদি ক্রিয়া
কৃষি যে হল যোজনাদি ক্রিয়াকরে
কৃষিকর্ম্মজ্ঞ যে কৃষিকর্ম্ম জানে
কৃষ্ণ দেবকীনন্দনকালবর্ত্ত
কৃষ্ণপক্ষ চন্দ্রের জ্যাতির হ্রাসর্থক ক্রিয়া
কৃষ্ণ পক্ষীয় কৃষ্ণপক্ষ সম্বন্ধী
কৃষ্ণ প্রিয়া লক্ষ্মী
কৃষ্ণসার মৃগ বিশেষ
কৢপ্ত নিয়ত
কে জিজ্ঞাস্যবুদ্ধিস্থিতব্যক্তি
কেকয়ী ভরতের মাতা
কেতকী পুষ্প বিশেষ
কেতু নবগ্রহ
কেদারনাথ মহাদেব
কেন কিনিমিত্ত
কেমন কি প্রকার
কেকে জিজ্ঞাস্যবুদ্ধিস্থ বহু ব্যক্তি
কেলি বেহার
কেবল মাত্র
কেশ চুল
কেশী চুল বিশিষ্ট
কেশব বিষ্ণু
কেশবেশ চুলের সংস্কার

কেশাকেশী পরস্পার কেশ গ্রহণ পূর্ব্বক যুদ্ধকরা
কেশর পদ্মের কর্ণিকা বেষ্টন সুক্ষ্ম সুত্র বিশেষ
কেসুর মূল বিশেষ
কেশরী সিংহ
কৈটভ দৈত্য বিশেষ
কৈলাশ যেপর্ব্বতেমহাদেবের নিয়ত বাস
কৈশোর দশম বৎসরের পর যেপাচবৎসব তাহাকে মনুষ্যের কিসোরকাল কহাযায
কৈবর্ত্ত ধিবরজাতি বিশেষ
কোকিল পক্ষি বিশেষ
কোজাগর আশ্বিনীপূর্ণিমা
কোটর বৃক্ষের ছিদ্র
কোটির তৃণপত্রাদি নির্ম্মিত ক্ষুদ্র গৃহ
কোটাল রাত্রিতে তস্করাদির ভয় যে নিবারণ করে
কোন রেখাদ্বয়ে সন্ধি স্থান
কোপ ক্রোধছেনদ হেতুক ক্রিয়া
কোপান্ধ রাগান্ধ
কোপান্বিত ক্রোধবিশিষ্ট
কোমল অকঠিন
কোরক কলিকা
কোর অসরল
কোরণ্ড কোষবৃদ্ধি
কোলাহল অনেকের মিলিত শব্দ
কোল জ্বান সূকর
কোশা পূজার্থ জলাধার বিশেষ
কোষ অভিধান পনসাদি ফলের কোষ অণ্ডকোষ
কোষাগার ভাণ্ডার
কোষ্ঠ রেখাবেষ্টিতস্থান
কোষ্ঠাকৃতি কোষ্ঠার ন্যায় আকার
কৌতুহল পরিহাসত্র
কৌতুক পরিহাস
কৌপীন কপ্নী
কৌল জলধর্ম্মাচারী
কৌলিক বংশধর্ম্ম
কৌলতৎশর জলধর্ম্মে রত
কৌলিণ্য বংসমর্য্যাদা
কৌশল পটুতা
কৌশলী কুশলতা যুক্ত

কৌশল্যা	রাম জননী
কৌশিক	ঋষি বিশেষ
কৌষেয়	উপবস্ত্রবিশেষ
কৌষিকী	নদী বিশেষ
কৌস্তুভ	মুনি বিশেষ কিন্তু বিষ্ণুর ভূষণ
ক্রন্দিত	রোদন যুক্ত
ক্রন্দন	রোদন
ক্রম	আনুপূর্ব্বী
ক্রমশ	অল্পে২
ক্রমিক	আনুপূর্ব্বিক
ক্রমী	কীট
ক্রমদীশ্বর	গ্রন্থকর্ত্তা
ক্রিয়া	ব্যাপার ধাতুর অর্থ
ক্রিয়ান্বিত	কর্ম্মী
ক্রীড়া	খেলা
ক্রীড়ন	কেলি
ক্রীত	মূল্যদ্বারা গৃহীত
ক্রুদ্ধ	ক্রোধান্বিত
ক্রূর	খল
ক্রূরতম	অতিশয়খল

ক্রেতা	ক্রয়কারী
ক্রোড়	বক্ষস্থল অবধি উরু পর্য্যন্ত
ক্রোষ্টু	শৃগাল
ক্রোড়পত্র	পত্রসম্বলিত স্বলিখিত পত্র
ক্রোধ	কোপ
ক্রোধী	কোপাবিষ্ট
ক্রোধজন্য	কোপাধীন যে বস্তু হয়
ক্রোশ	চারিসহস্র হস্ত পরিমিত পথ
ক্লান্ত	শ্রান্ত
ক্লান্তি	শ্রান্তি
ক্লান্তান্বিত	শ্রান্তযুক্ত
ক্লিষ্ট	ক্ষীণ শরীর
ক্লীব	নপুংসক
ক্লীবাকার	অর্জ্জুন
ক্লেদ	আদ্র আসার ভাগ
ক্লেশ	কষ্ট

ক্বচিৎ কখন
ক্বাথ বৃক্ষাদির নির্যাস

খ

খ আকাশ
খগ পক্ষিগৃহ
খগেন্দ্র গরুড
খগণ আকাশ সমূহ
খচর অশ্বতরগৃহ নক্ষত্র পক্ষী প্রভৃতি
খচিত বেষ্টিত
খেচর পক্ষআদি
খঞ্জ ভগ্নপাদ
খঞ্জন পক্ষি বিশেষ
খঞ্জতম অতিশয়ভগ্নপাদ
খঞ্জরী বাদ্য বিশেষ
খঞ্জরীট খঞ্জন
খট্টা শয্যাবিশেষ অর্থাত খাট
খট্বাঙ্গ খাটের অঙ্গ বিশেষ
খাট্টাকূট যে খাটের উপর আছে
খড়্গ অস্ত্র বিশেষ আর্থাৎ খাঁড়া
খড়গী খড়্গধারী
গণ্ড ভগশ খাঁড়া
খণ্ডিত খণ্ডবিশিষ্ট
খণ্ডন বিভাগ অন্যথা করণ
খণ্ডনকার যে নৈষদ গ্রন্থ করে
খদির বৃক্ষবিশেষেরনির্যাস
খনা ভাষাতে জ্যোতিষ গ্রন্থ কারিণী স্ত্রী বিশেষ
খনন গর্ত্ত করণ
খর গদ্দভতীক্ষ
খস্‌খস্ অব্যক্ত শব্দ
খর্জুর ফল বিশেশ
খপর রুধিরের শরাব
খর্ব্ব দ্রস্বাকার,একশত অর্ব্বুদ
খলঙ্গর ঔষধ পেষণের পত্তর বিশেষ সস্য মদ্দনের স্থান

খরকস পশুবিশেষ
খলতা ক্রূরতা
খলি কল্কল্
খল্২ অস্ফুট শব্দ
খবতম অতিশয় হ্রস্বা কার
খস দেশ বিশেষ বেণা বিশেষের মূল
খাওয়া ভোজন
খাঁচা পিঞ্জর
খাসা উত্তম
খাট খট্বা
খাটনী শ্রম
খাণ্ডব ইন্দ্রের বণ
খাতাব ছিন্নজল প্রবাহ গঙ্গাভিন্ন নদীমাত্র
খাত গর্ত্ত
খাদক ভোক্তা নাশক
খাদ্য ভোজনীয়
খাদনীয় ভোজ্যদ্রব্য
খাদিত ভোজ্যদ্রব্য

খান তুচ্ছার্থে শব্দবিশেষের পরে প্রয়োগ হয় যেমন থান থানডালা থান ইত্যাদি
খানা গর্ত্ত
খানি আকর আদরার্থে শব্দ বিশেষের পরেপ্রয়োগ হয় যেমন থালখানি জলখানি ইত্যাদি
খপরা ঘটাদির খণ্ডকর্ম্মকার ইষ্টক বিশেষ
খামার শস্যমর্দ্দন স্থান
খাল অতি ক্ষুদ্রনদী
খালি সম্পূর্ণ নহে
খিদ্যমান দুঃখিত
খিল পতিত ভূমি বিশেষ কপারোধ কাষ্ঠ
খুদোপজীব্য যাহার জীবনোপায় তণ্ডুলকণা
খুদ তণ্ডুল কণা
খুর গোঅশ্বাদির পায়ের অগ্রভাগ

খেচর আকাশগামী
খেচরতম অতিশয় আকাশ গামিনী
খেটক অস্ত্র বিশেষ
খেদ মনস্তাপ
খেদিত মনস্তাপিত
খেলন ক্রীড়া
খেলনীয় খেলনের দ্রব্য
খেলা খেলন
খেলক যে খেলা করে
খোপা বর্দ্ধকেশ
খোসা ত্বক অর্থাৎ ছাল
খ্যাত প্রসিদ্ধ
খ্যাতি যশঃ
খ্যাতাপন্ন কীর্ত্তিমন্ত
খ্যাতিবাদী যে যশের কীর্ত্তন করে

গ

গগণ আকাশ
গঙ্গা ভাগীরথী
গজ হস্তী
গজেন্দ্র হস্তীর শ্রেষ্ঠ
গজদন্ত হস্তির দন্ত
গজানন গনেশ
গজগামিনী হস্তীরন্যায় গমন বিশিষ্টা স্ত্রী
গঞ্জনা গ্লানিসূচকবাক্য
গঠন নির্ম্মাণ
গঠক নির্ম্মাণকারী
গড়ক মৎস্যবিশেষ
গড়ালিকা ক্রমভঙ্গ
গড্ডালিকা প্রবাহ মেঘ প্রবাহ
গণ সমহ স্বপক্ষ
গণ্য মান্য
গণক দৈবজ্ঞ
গণতা পক্ষপাত
গণাকান্ত স্বপক্ষমধ্যে নিবিষ্ট
গণণ সংখ্যা
গণণা সংখ্যা করা
গণপতি গণেশ
গণনীয় সংখ্যারযোগ্য
